



Daily Monitoring Report

Directorate of Monitoring
Bangladesh Betar, Dhaka
e-mail: dmrbbd@gmail.com

Ashwin 19, 1429 Bangla, October 04, 2022, Tuesday, No. 278, 52nd year

H I G H L I G H T S

AL GS Obaidul Quader urges all to remain alert about evil forces, saying that the forces are now in the field to create anarchy, marking the Durga Puja. (R. Today: 10)

Information and Broadcasting Minister Dr. hasan Mahmud says, the foreign ambassadors can give advices but cannot interrupt internal affairs. At the same time, it should be remembered that diplomatic norms are not violated. (VOA: 5)

BNP SG Mirza Fakhru Islam Alamgir says, the government has to resign and dissolve parliament and hand over power to a neutral interim government. (R. Today: 10)

JaPa Chairman GM Quader says overall situation of the country is very fragile and he doesn't understand if the elections will be free & fair & all the parties will participate in it. (R. ABC: 9)

RMC suppliers are facing hindrances in exporting products on time due to extreme load-shedding. The situation has turned so acute that factories are facing 4 to 10 hours of power cut a day. (VOA: 5)

Remittance inflow dropped by 10.84 per cent to 1.53 billion dollars in September - the inflow of remittance in September was the lowest after February 2022. (R. Today: 9)

Bangladesh's trade deficit stands 4.55 billion dollars in the July-August period of FY23 compared with that in the same period of FY22, as import payments surged against export earnings. (R. ABC: 9)

As many as 476 people were killed & 794 injured in road accidents in September, as per Road Safety Foundation. About 35 per cent of total victims died in motorcycle accidents. (R. ABC: 9)

Three more dengue patients died yesterday, raising this year's death toll from this disease in the country to 61. During this period, 525 more patients were hospitalized with the viral fever. (VOA: 6)

Authorities on Monday have suspended tourist ship movements from Teknaf to Saint Martin's Island until further notice amid a tense situation along the Bangladesh-Myanmar border. (R. Tehran: 7)

Director: 44813046

Deputy News Controller: 44813048
44813179

Assistant News Controller: 44813047
44813178

দৈনিক মনিটরিং রিপোর্ট
মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা
আশ্বিন ১৯, ১৪২৯ বাংলা, অক্টোবর ০৪, ২০২২, মঙ্গলবার, নং- ২৭৮, ৫২তম বছর

শিরোনাম

অপশক্তি মাঠে নেমেছে, দুর্গাপূজা উপলক্ষ্যে তাই সবাইকে সতর্ক থাকার আহ্বান জানিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। (রে. টুডে : ১০)

বাংলাদেশে অংশগ্রহণমূলক নির্বাচন নিয়ে বিদেশি রাষ্ট্রদূতরা পরামর্শ দিতেই পারেন বলে উল্লেখ করেছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী ডক্টর হাছান মাহমুদ। তিনি বলেছেন, পরামর্শ যেন কূটনৈতিক শালীনতার লঙ্ঘন না করে। (ভোয়া : ৫)

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, সরকারকে পদত্যাগ করে সংসদ ভেঙে নিরপেক্ষ অন্তর্বর্তীকালীন সরকারের কাছে ক্ষমতা হস্তান্তর করতে হবে। (রে. টুডে : ১০)

দেশের সার্বিক পরিস্থিতি অত্যন্ত নাজুক উল্লেখ করে জাতীয় পার্টির চেয়ারম্যান জি এম কাদের বলেছেন, সামনে নির্বাচন কিন্তু নির্বাচনে সব দল অংশ নেবে কিনা, নির্বাচন অবাধ ও সুষ্ঠু হবে কিনা- তা বুঝতে পারছি না। (রে. এবিসি : ৯)

লোডশেডিংয়ের কারণে বাংলাদেশের পোশাক সরবরাহকারীরা আন্তর্জাতিক পোশাকের খুচরা বিক্রেতা এবং ব্র্যান্ডের কাছে পণ্য সরবরাহ করতে সমস্যায় পড়েছেন। পরিস্থিতি এতটাই ভয়াবহ যে, কারখানাগুলো এখন দিনে প্রায় ৪ থেকে ১০ ঘণ্টা বিদ্যুৎবিহীন থাকে। (ভোয়া : ৫)

এবার রেমিটেন্স কমে গেল। সদ্য বিদায়ী সেপ্টেম্বরে দেশে এসেছে প্রায় ১.৫৪ বিলিয়ন মার্কিন ডলার। গত সাত মাসের মধ্যে যা সবনিম্ন। (রে. টুডে : ৯)

চলতি ২০২২-২০২৩ অর্থবছরে জুলাই-আগস্ট মাসে বাণিজ্য ঘাটতির পরিমাণ দাঁড়িয়েছে ৪৫৫ কোটি ৫০ লক্ষ মার্কিন ডলার। আমদানি ব্যয়ের চেয়ে রফতানি আয় কম হওয়ায় অর্থবছরের শুরুতে বড় অংকের এই বাণিজ্য ঘাটতি দেখা। (রে. এবিসি : ৯)

সড়ক দুর্ঘটনায় গত সেপ্টেম্বর মাসে নিহত হয়েছে ৪৭৬জন, আহত হয়েছে ৭৯৪জন। অর্থাৎ গত মাসে দিনে গড়ে ১৫ দশমিক ৮৬জন নিহত হয়েছে। নিহতের ৩৫ শতাংশের বেশি মোটরসাইকেল দুর্ঘটনার শিকার। (রে. এবিসি : ৯)

বাংলাদেশে এডিস মশাবাহিত ডেঙ্গু রোগে আক্রান্ত হয়ে রবিবার সকাল ৮টা থেকে সোমবার (৩ অক্টোবর) সকাল ৮টা পর্যন্ত ২৪ ঘণ্টায় ৩জনের মৃত্যু হয়েছে। চলতি বছরে ডেঙ্গুতে মৃত্যু-সংখ্যা ৬১জনে পৌঁছেছে। এ সময়ে আরও ৫২৫জন নতুন রোগী শনাক্ত হয়েছে। (ভোয়া : ৬)

মিয়ানমার-বাংলাদেশ সীমান্তে চলমান উত্তেজনার কারণে টেকনাফ-সেন্টমার্টিন রুটে পর্যটকবাহী জাহাজ বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে সরকার। (রে. তেহরান : ৭)

বিবিসি

বাংলাদেশে কোভিডের প্রথম এবং দ্বিতীয় ডোজের টিকা দেয়া বন্ধ করে দিচ্ছে সরকার

বাংলাদেশে করোনা ভাইরাসের প্রতিরোধী টিকার প্রথম এবং দ্বিতীয় ডোজ দেয়ার কমসিচি আগামী ৮ ই অক্টোবর শেষ হচ্ছে। স্বাস্থ্য অধিদপ্তর জানিয়েছে এরপর শুধু বুস্টার ডোজ দেয়ার কমসিচি চলমান থাকবে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা এখনো পর্যন্ত করোনাভাইরাসের বৈশ্বিক মহামারীর সমাপ্তি ঘোষণা করেনি। এমন অবস্থায় কী কারণে প্রথম এবং দ্বিতীয় ডোজ টিকা দেয়া বন্ধ করছে সরকার, আর যারা বাদ পড়েছেন সামনে তারা চাইলে কীভাবে টিকা দেয়া শুরু করতে পারেন এসব প্রশ্ন নিয়ে বিস্তারিত জানাতে ঢাকা থেকে এখন যোগ দিচ্ছেন সংবাদদাতা শাহনাজ পারভীন:

বিবিসি : কেন সরকার এখন প্রথম এবং দ্বিতীয় ডোজের টিকা দেয়া বন্ধ করে দিয়েছে তাদের যুক্তিটা কী?

শাহনাজ : একটা হচ্ছে যে, স্বাস্থ্য অধিদপ্তর থেকে জানানো হয়েছে যে, প্রথম এবং দ্বিতীয় ডোজ দেয়ার জন্য সরকারের হাতে যে অবশিষ্ট টিকাগুলো রয়েছে তার মেয়াদ শেষ হতে চলেছে নভেম্বর মাসে এবং বলা হচ্ছে যে টিকা দিয়ে সাধারণ জনগণের জন্য এই টিকাগুলো কেনা হয়েছে এবং তাদেরকে বিনামূল্যে এটা দেয়া হাঙ্গল। তারা যাতে টিকাগুলো নেন সে কারণে বেশ কয়েকবার গণটিকা কমসিচির আয়োজন করা হয়েছে যাতে করে বাদ পড়া মানুষজন প্রথম এবং দ্বিতীয় ডোজ টিকা নিয়ে নেন এবং আজকের থেকেই কিন্তু প্রথম এবং দ্বিতীয় ডোজ টিকা নেয়ার এই কমসিচি শেষ হয়ে যাওয়ার কথা ছিল। মানুষজনকে আবারো একটা আগ্রহী করে তুলতে সেটি ৮ তারিখ পর্যন্ত বাড়ানো হয়েছে। কিন্তু সামনে সেটি আর বাড়ানো হবে না। স্বাস্থ্য অধিদপ্তরের টিকাদান কমসিচির প্রধান ডাক্তার শামসুল হক বলাছিলেন যে, বাংলাদেশ সরকারের করোনা প্রতিরোধের টিকার ক্ষেত্রে যে লক্ষ্যমাত্রা রয়েছে বাংলাদেশ মনে করে যে সেটি অর্জিত হয়েছে এবং বাংলাদেশে এক ক্রোন ধরনের হাউ ইমিউনিটি তৈরি হয়েছে বলে তিনি সেটা মনে করেন। তবে একই সাথে যেসব মানুষজন আসলে টিকাগুলো নিচ্ছেন না এই কমসিচি এই কারণে দিতে এবং প্রথম ডোজ চালিয়ে যাওয়ার আর খুব যৌক্তিকতা দেখছেন না যেমনটা আমাদের বলাছিলেন এই টিকাদান কমসিচির প্রধান ডাক্তার শামসুল হক, (স্বকণ্ঠ) : ভ্যাকসিনগুলো আনা হয়েছে এখন যদি তারা না নেয় বা যদি সত্যিই বাকি না থাকে তাহলে আমাদের বন্ধ করে দেয়া ভালো না। আমাদের যে টাগেট গ্রুপ ছিল আমরা বন্ধ করে দিব না কিন্তু ভ্যাকসিন তো বিষয়টা হয়েছে যে ভ্যাকসিনটা সংগ্রহ করা হয়েছে কেউ যদি না দিতে চায় মানে আপনি ১০০ জনের জন্য খাবার রান্না করেছেন দুইজন আসলো না তিনদিন পরে যদি তারা আসেন তাহলে তো খাওয়াতে পারবেন না।

বিবিসি : সরকার কি ভবিষ্যতে আর টিকা আনবেই না তাহলে?

মি. হক : আমরা আনাছি। বুস্টার ডোজ আনাছি। ভ্যাকসিন এনেছে, ভ্যাকসিনের এক্সপায়ার হয়ে গেল। ভ্যাকসিন কেনা হয়েছে। ওটা ভ্যাকসিন এগুলো কেনা ভ্যাকসিন। ডোন্‌শনও এসেছে। ডোন্‌শনগুলো আমরা বুস্টারে দিতে পারব। কিন্তু এ কেনা ভ্যাকসিনগুলো তারা নিচ্ছে না, সরকার কি বারবার কিনবে? বলাছিলেন স্বাস্থ্য অধিদপ্তরের টিকা কমসিচির প্রধান ডাক্তার শামসুল হক।

বিবিসি : উনার কথা শুনে বোঝা যাচ্ছে অনেক মানুষ এখনো আগ্রহী হচ্ছে না বলে এখন তাদেরকে এটা নিতে হচ্ছে এরকম একটা কথা তিনি বলাছিলেন। কিন্তু আবার যদি সংক্রমণ বেড়ে যায় এবং অনেক মানুষ তখন আবার উৎসাহী হতে থাকে যে আমি নেইনি আমি এখন চাই তারা কী করবে তখন?

শাহনাজ : যে তথ্য আমার কাছে রয়েছে স্বাস্থ্য অধিদপ্তরের দেয়া সেই অনুযায়ী বাংলাদেশে এই পর্যন্ত প্রথম ডোজ নিয়েছেন ১৩ কোটি ১৯ লাখের মতো আর ১২ কোটি ৩৩ লাখের মতো মানুষ দ্বিতীয় ডোজ নিয়েছেন এবং পাঁচ কোটি ৩৮ লাখের মতো মানুষ বুস্টার ডোজ নিয়েছেন এবং যারা আসলে কোন ডোজই নেননি বা হয়তো একটি ডোজ নিয়েছেন কিন্তু দ্বিতীয় ডোজ নেননি এদের সংখ্যা আসলে সরকারের তরফ থেকে বলা হচ্ছে অনেক বেশি নয় কিন্তু তারপরও এক কোটির উপরে লোক আছে যারা কোন ডোজই নেননি অথবা দ্বিতীয় ডোজ নেননি কিন্তু প্রথম ডোজ নিয়েছেন। ডাক্তার শামসুল হক আমাদের বলাছিলেন এরকম কেউ যদি থেকে থাকে যে, কোনো ধরনের টিকাই নেননি কিন্তু সামনে নিতে চান তাকে পর্যাপ্ত কারণ দেখাতে হবে। অর্থাৎ সেই কারণটি গ্রহণযোগ্য হতে হবে যেমন: তিনি হয়তো অসুস্থ ছিলেন, হাসপাতালে ভর্তি ছিলেন। সেই সার্টিফিকেট তাকে দেখাতে হবে। কেউ দেশের বাইরে ছিলেন সেটি নিয়েও যদি তিনি কেন্দ্রে যান তাহলে তিনি টিকা নিতে পারবেন। কিন্তু হচ্ছে করে নেননি, কোন কারণ দেখাতে পারবেন না এমন লোকের ক্ষেত্রে এই বিষয়টি প্রযোজ্য হবে না।

বিবিসি : সরকারের এই সিদ্ধান্ত নিয়ে বিশেষজ্ঞদের মতামত কী?

শাহনাজ : বাংলাদেশে আসলে কাছাকাছি সময় করোনাভাইরাসের মহামারী কমে এলো এ বছর কিন্তু সবাই আবার খানিকটা বাড়তে শুরু করেছে এবং যেহেতু বিশ্ব স্বাস্থ্য সংস্থা এখনো এর সমাপ্তি ঘোষণা করেনি। কিন্তু আস্তে আস্তে কমে আসার কারণ হচ্ছে মানুষ একই সাথে সংক্রমিত হয়েছে এবং টিকা দেয়া হয়েছে এ কারণে মানুষের মধ্যে ইমিউনিটি তৈরি হয়েছে। কিন্তু যারা বাদ পড়েছেন তাদের একজনও যদি আক্রান্ত হন তাহলে তাদের পুরো পরিবারের মধ্যে সেটার একটা চাপ তৈরি হবে। কারণ তাদেরকে হাসপাতালে নিতে হতে পারে আবার একই সাথে টিকার কার্যকারিতা বেশিদিন থাকছে না বলেই কিন্তু কয়েকটি ডোজ দিতে হচ্ছে। অতএব সেসব কিছু মাথায় রেখে আসলে সরকার এখন উচিত হবে নতুন করে আবার টিকা ক্রয়ের জন্য উৎস খুঁজে বের করা। আর সেরকমটাই বিশেষজ্ঞদের কাছে মত পাওয়া গেছে। (বিবিসি ১৯৩০ ঘ. ০৩.১০.২২ এলিনা ও কৌহিনুর)

সরকারের বিরুদ্ধে যুগপৎ আন্দোলন তৈরি লক্ষ্যে আবার কথা শুরু করেছে বিএনপি

বাংলাদেশে নিবাচনের আগে যুগপৎ আন্দোলনে একমত হওয়ার লক্ষ্যে বিএনপি অন্যান্য কিছু বিরোধী রাজনৈতিক দলের সাথে দ্বিতীয় দফা আলোচনা শুরু করেছে। তবে প্রস্তাবিত আন্দোলনের রূপরেখা নিয়ে এখনও কোনো আলোচনা হচ্ছে না তবে সেই আন্দোলনে কোনো কোনো দাবি উত্থাপন করা হবে একদফা আলোচনা সে বিষয় চূড়ান্ত করা হবে বলে জানা গেছে। বিএনপির নেতারা বলেছেন যে, আওয়ামী লীগ সরকারের পতনের দাবিকে মূল লক্ষ্য করে অন্য দলগুলোর সাথে মীমাংসার ভিত্তিতে এ মাসের মধ্যেই তারা যুগপৎ আন্দোলনের দাবি দফা চূড়ান্ত করবেন। গত রোববার থেকে বিভিন্ন দলের সাথে বিএনপি এই আলোচনা পর্ব শুরু করেছে। বিস্তারিত কাদির কল্লোলের প্রতিবেদনে।

কাদির কল্লোল : সরকারের বিরুদ্ধে যুগপৎ আন্দোলনের লক্ষ্যে বিএনপি দ্বিতীয় দফার আলোচনায় দু'দিন ধরে ছোট ছোট চারটি দলের সাথে আলোচনা করেছে। দলটি এই আলোচনার মাধ্যমে দাবিগুলো ঠিক করার কথা বলেছে। দল নিরপেক্ষ সরকারের অধিনে নিবাচন এবং আওয়ামী লীগ সরকারের পতন এই দাবিতে তাদের ফোকাস থাকছে। এর সাথে বিএনপি নেত্রী বেগম খালেদা জিয়ার নিঃশত মুক্তি তাদের দলীয় দাবি রাখা হচ্ছে। নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য বৃদ্ধিসহ অর্থনৈতিক পরিস্থিতির বিষয়ও আনা হয়েছে দাবি নামার তালিকায়। সব মিলিয়ে ১০ দল দাবি নামা বিএনপি উপস্থাপন করছে বিভিন্ন দলের সাথে আলোচনায়। দলটির মহাসচিব মিজা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, তাদের এই আলোচনায় অন্য দলগুলো দাবিগুলোর ব্যাপারে একমত হলে তার ভিত্তিতে যুগপৎ আন্দোলনে তারা নামবেন, (স্বকণ্ঠ) : প্রথম দফায় যে আলোচনাটা ছিল আমাদের একমত হওয়ার যে আমরা একটা যৌথ আন্দোলন গড়ে তুলবো। সেই বিষয় তখন আমরা একমত হয়েছিলাম যে হ্যাঁ আমরা যৌথ যুগপৎ আন্দোলন গড়ে তুলবো। এখন এই আন্দোলনের জন্যে দাবি কী থাকবে- যেমন: আমরা সংসদকে বিলুপ্ত করা, কৈয়ারটেকার সরকারের দাবি, সরকারের পদত্যাগ, বেগম জিয়াসহ সকল রাজ বন্দিদের মুক্তি এগুলো হচ্ছে কতোগুলো কমন দাবি যে সব দাবিগুলোতে একমত হওয়া। প্রায় ১০টির মতো দাবি আমরা আলোচনা করছি।

বিএনপি গত মে মাস থেকে তিন মাস ধরে ২২টি রাজনৈতিক দলের সাথে প্রথম দফায় আলোচনা করেছিল। সেই আলোচনায় অংশগ্রহণকারীদের মধ্যে ছিল বিএনপির পুরনো ২০ দলীয় জোটের শরিক কয়েকটি দল এবং এর বাইরে বামপন্থী, ইসলামপন্থী বা ডানপন্থী কয়েকটি দল। বিএনপির প্রথম দফার সেই আলোচনায় পুরনো মিত্র জামায়াতে ইসলামীর সাথে আনুষ্ঠানিক কোনো বৈঠক করেনি। এখন দ্বিতীয় দফার আলোচনাতেও জামায়াতে ইসলামীর সাথে আনুষ্ঠানিকভাবে বা প্রকাশ্যে বিএনপির কোনো আলোচনার সম্ভাবনা কম। দল দুটির মধ্যে আনুষ্ঠানিক কথাবাতা রয়েছে। বিএনপি নেতাদের অনেকে বলেছেন, তাদের পুরনো মিত্রদের বাইরে বামপন্থীসহ অন্যান্য দলকে আন্দোলনে নেয়ার টাগেট থেকে তারা এই কৌশল নিয়েছেন। তবে বিএনপি সেই প্রথমদফায় আলোচনায় যুগপৎ আন্দোলনের রূপরেখা তৈরি কথা বলেছিল। এখন আলোচনাতেও দলটি সামগ্রিক কোনো রূপরেখা না দিয়ে দাবি দফা ঠিক করার কথা বলেছে। তাদের মধ্যে কল্যাণ পাটির নেতা (অব.) জেনারেল মো. ইব্রাহিম বলাছিলেন, আন্দোলন নিবাচন এবং

তারপরে তারা কীভাবে কাজ করবেন সেই প্রশ্ন উঠে তাদের আলোচনায়, (স্বকণ্ঠে) : প্রশ্ন ছিল সরাসরি যে নির্বাচনের পূর্বে কোন ধরনের সরকার চান। নির্বাচনের পরে কোন ধরনের সরকার চান। একটা দাবিনামা বিএনপির খসড়াতে আসে দল নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকার অথবা দল নিরপেক্ষ নির্বাচনকালীন সরকার চাই। আর একটা কথা ছিল যে আমরা আন্দোলনের মাধ্যমে সরকারের পতন সম্ভব করতে চাই এবং সম্ভব হলে যে সরকার গঠিত হবে ভবিষ্যতে তারা কী করবে। এই প্রশ্নে বিএনপির বক্তব্য হলো এটা আজকের আলোচ্য বিষয় নয় আমরা আবার যখন বসবো তখন ওই বিষয়গুলো আলোচনা করবো।

বিএনপি একাদিকে দলগতভাবে সভা-সমাবেশ করছে; অন্যদিকে যুগপৎ আন্দোলন করতে বিভিন্ন দলের সাথে আলোচনা চালাচ্ছে। এই যুগপৎ আন্দোলন গড়ার প্রক্রিয়ায় বিএনপির সাথে রয়েছেন নাগরিক এক্যের নেতা মাহামুদুর রহমান মান্না। তিনি মনে করেন বিএনপির এই উদ্যোগে তারা ধীরগতি লক্ষ্য করছেন, (স্বকণ্ঠে) : প্রথম রাউন্ডের আলোচনা সেই সময় আম জিজ্ঞেস করেছিলাম সেকেন্ড রাউন্ডের কথা যথা বলেছে তখন জিজ্ঞেস করেছিলাম যে কতোদিনে করবেন, আপনাদের তো অনেক সময় লাগবে। বললো না এক দুই সপ্তাহের মধ্যে করে ফেলবো; কিন্তু এটা এতোদিন লাগার কথা না। বিএনপি অনেক বড় বড় সভা করছে তারপরেও কেউ একা আন্দোলন করে জিততে পারবে না। আন্দোলনে বিজয়ের জন্য সবাইকে লাগবে এবং সবাই যেহেতু একমঞ্চে আমরা আসতে পারছি না অতএব যুগপৎ করা ভালো।

যুগপৎ আন্দোলনে যেসব দল অংশ নেবে নির্বাচনের সময় তারা এক মঞ্চে আসবে কিনা অথবা নির্বাচনের পর সরকার গঠনের প্রশ্ন এলে তখন তারা কীভাবে এগোবে বিভিন্ন দলের সাথে আলোচনা এসব প্রশ্নের মুখোমুখি হচ্ছেন বিএনপি নেতারা। রাজনৈতিক বিশ্লেষকরা মনে করেন এখনই কোনো রূপরেখা না দেয়ার বিষয়টি বিএনপির কৌশল হতে পারে। বিএনপি সমর্থক পেশাজীবী ফোরামের একজন নেতা এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক তাজমুলা ইসলাম মনে করেন একটা পয়সা গিয়ে যুগপৎ আন্দোলনকারীদের এক মঞ্চেই যেতে হতে পারে, (স্বকণ্ঠে) : আমি তো মনে করি এতদূর যে আসতেছে আন্দোলনতো পজিটিভ তাই এতদূর আসছে তারপরে আমার মনে হয় এটা আর একটু কো-অপারেটিভ হলে তারপরে নিশ্চয় একটা সময় আসবে তারা ফরমাল জোট করেই এগোবে। এটা করতেই হবে তাদের। বিএনপি নেতারা বলেছেন, বিভিন্ন দলের সাথে এবারের আলোচনা তারা এমাসের মধ্যেই শেষ করার চেষ্টা করবেন তবে যুগপৎ আন্দোলনে মাঠে নামার ব্যাপারে সুনির্দিষ্ট কোনো সময় তারা এখনই বলতে পারছেন না।

(বিবিসি: ১৯:৩০ ঘ. ০৩.১০.২০২২ সাইফুর ও ফাতেমা)

কলকাতার এক বাঙালি লেখিকার শাস্তি দাবি করেছেন ভারতের নাগাল্যান্ডের সুশীল সমাজ

ভারতের নাগাল্যান্ডে এমন একটি গ্রাম বা ক্ষুদ্র জাতি গোষ্ঠীর অস্তিত্ব রয়েছে যারা নিজের মা বৃদ্ধ হলে তাকে কেটে তার মাংস খেয়ে নেন। কলকাতার একজন বাঙালি লেখিকা তার গল্পে এমন কথা লেখার পর নাগা সুশীল সমাজে তীব্র প্রতিক্রিয়া হয়েছে এবং তারা ওই লেখিকার শাস্তি দাবি করেছেন। দেবারতি মুখোপাধ্যায় নামে ওই লেখিকা অবশ্য বিবিসিকে বলেছেন, তার গল্পের চরিত্রগুলো ছিল কাল্পনিক এবং তিনি কারও অনুভূতিতে আঘাত দিয়ে থাকলে ক্ষমাপ্রার্থী। কিন্তু নাগাল্যান্ডের শিল্পী বুদ্ধিজীবীরা মনে করছেন যে, গল্পে যেভাবে তাদের রাজ্যের নাম ব্যবহার করা হয়েছে তা বাকি দেশে নাগাদের সম্পর্ক ভুল বাতী দেবে এবং এই ধরনের আপত্তিকর লেখা-লেখি কিছুতেই মেনে নেয়া যায় না। (বিবিসি: ১৯:৩০ ঘ. ০৩.১০.২০২২ এলিনা ও ফাতেমা)

এই বছর চিকিৎসা বিজ্ঞানে নোবেল পুরস্কার পেয়েছেন সুইডিশ বিজ্ঞানী সোয়াস্তে প্যাবো

এ বছর চিকিৎসা বিজ্ঞানে নোবেল পুরস্কার পেয়েছেন সুইডিশ বিজ্ঞানী সোয়াস্তে প্যাবো। স্টকহোমে নোবেল কমিটি বলেছে, নিয়ন্ত্রণ থাল নামে মানুষের এক পুর পুরুষের বংশগত জিনের সাংকেতিক গঠন আবিষ্কারের দরুণ কাজ তিনি করেছেন। চল্লিশ হাজার বছরের পুরনো একটি হাড় থেকে তিনি প্রথমবারের মতো এই ডিএনএ তথ্য উদ্ধার করেছেন। তার আবিষ্কার থেকে জানা গেছে আজকের মানুষ তার ডিএনএতে নিয়ন্ত্রণ থালদের জিনের বংশ পরিচয় বহন করছে। (বিবিসি: ১৯:৩০ ঘ. ০৩.১০.২০২২ এলিনা ও ফাতেমা)

বিবিসি ফোন ইনের অনুষ্ঠান

বিবিসি বাংলার ফোন ইনে আজকের বিষয় গাইনী ও স্ত্রী রোগ বিষয়ে বিভিন্ন প্রশ্নের জবাব দেবেন বাংলাদেশ মেডিকেল কলেজ হাসপাতালের কনসাল্টেন্ট ডা. আরমানা ইসলাম প্রথমেই প্রশ্ন করবেন সাদিয়া আক্তার বরিশাল থেকে। মিস সাদিয়া: আমার বয়স ২০ বছর। আমার পিরিয়ড অনিয়মিত ছিল। এজন্য এবছর মে মাসের ২৯ তারিখে গাইনী ডাক্তারকে দেখাই। ডিন অনেকগুলো টেস্ট দেয়। তার মধ্যে একটা ছিল টিভিএসআই ওখানে রেজাল্ট লেখা ছিল যে প্রোমিনেন্ট ওভারি, মানে কী? আর দ্বিতীয় প্রশ্ন হচ্ছে রিপোর্ট আসার পর ডাক্তার ওষুধ লিখে দেয় ডাউটিন। বলেন যে, পিরিয়ড শুরু হলে প্রথম দিন দেখা করতে। যাওয়ার পর আর একটা ওষুধ লিখে দেন ডাউটিন-৩৫। ওটার নেওয়ার পর বিভিন্ন সমস্যা অনুভব করছিলাম। ব্রেস্ট ব্যথা অনুভব হতো। এরপর ৩ মাস ওষুধটা কন্টিনিউ করার পরে ব্রেস্ট থেকে পানির মতো বের হতো। তারপরে আবার ডাক্তারের কাছে যাই। ৩ মাস পরে ডিন আমাকে ব্রেস্টের আল্ট্রাসোনো আর হরমোন টেস্ট দেয়। দুইটাই নরমাল আসে। বললেন ওষুধের জন্য সাইড ইফেক্ট হয়েছে। লাস্ট ১টা ওষুধ দেয় পিনাফেরা নামে। আর বললেন বিয়ে করা বা কনসেপ্ট করা পর্যন্ত ডাক্তারের ফলোআপে থাকতে। পিরিয়ডের সমস্যা আর নেই। আর যদি সমস্যা নাও থাকে তারপরও কি আমার ডাক্তারী ফলোআপে থাকতে হবে?

ডা. আরমানা : পিরিয়ড এখন রেগুলার?

মিস সাদিয়া : হ্যাঁ, ৫ মাস যাবত ঠিক হচ্ছে।

ডা. আরমানা : আচ্ছা তাহলে আর সমস্যা নেই। ৫ মাস যখন রেগুলার হচ্ছে তার মানে (অস্পষ্ট) ঠিকমতো হচ্ছে। সেজন্য ফলোআপে থাকবেন। প্রোমিনেন্ট ওভারি মানে ওভারি বড় সাইজের হয়ে গেছে। এগুলো সাধারণ পিসিও একটা রোগ, সেখানে মাসিক অনিয়মিত হতে পারে। এখন যেহেতু নিয়মিত হয়ে গেছে আমার ধারণা যে আর একটা যদি আল্ট্রাসোনোগ্রাফি করেন তাহলে দেখবেন নরমাল হয়ে গেছে এখন প্রোমিনেন্ট ওভারি নেই। সেজন্য খুব বেশি ফলোআপ করতে হবে, তা না। তবে ৬ মাস পর আর একটা আল্ট্রাসোনোগ্রাফি নিতে পারেন। এবারে বরিশাল থেকে কলি আক্তার।

মিস কলি : আমার বয়স ২১ বছর। আমি অবিবাহিত। ৫ বছর আগে থেকে পিরিয়ড অনিয়ম শুরু হয়েছে। একসাথে ৩, ৪, ৫ মাস হয় না। আবার যখন শুরু হয় তখন বন্ধ হয় না। এক হতে দেড় মাস থাকে। গ্রামে ডাক্তার দেখাইছি ওনারা আমাকে নরমেস খেতে দিয়েছে। ৩ মাস খাওয়ার পর পরের মাসে ঠিকমতো হয়েছে। তারপর আবার সমস্যা হইছে। এরপর পিজি হাসপাতালে ডাক্তার দেখাইছি। ওখানে সব রিপোর্ট দেখাইছি। ওনারা রিপোর্ট দেখে বলে হিমোগ্লোবিন ৫.৫ ছিল। সেজন্য আবার ব্লাড ভরে ড্রিটমেন্টের জন্য যেতে বলেছে। কিন্তু আমি আর যাইনি। পরিবার থেকে বলছে এই বয়সে কিসের ব্লাড দিব। খাওয়া-দাওয়া করলে ঠিক হয়ে যাবে। এখানে এসে আবার তিনমাস পিল খেলাম। তারপরেও রেগুলার হয়নি। বর্তমানে হোমিওপ্যাথি ওষুধ খাইলাম। খাওয়ার পর শুরু হয়েছে। একমাস পর আবার ওষুধ আনিছি। কিন্তু একমাস এখনো পিরিয়ড কমছে না। আমি এখন কি করবো?

ডা. আরমানা : প্রথম কথা ৫ হিমোগ্লোবিন এটা খুব খারাপ। আপনি যে রক্ত না নিয়ে চলে গেছেন এটা ভুল করেছেন। আপনার বয়সী একটা মেয়ের হিমোগ্লোবিন ১১-১২ থাকা উচিত। এরকম অবস্থায় থাকলে যেকোনো সময় হাটের ওপর প্রেসার পড়লে হাট বড় হয়ে যায়। দেখবেন হাটা চলা করতে গেলে শ্বাসকষ্ট হবে, প্রচণ্ড দুর্বলতা লাগবে। আপনার আল্ট্রাসোনোগ্রাফি থাইরয়েড ফাংশন টেস্ট করতে হবে। এগুলোতে যদি কোন সমস্যা থাকে তাহলে সেই অনুযায়ী ড্রিটমেন্ট নিতে হবে। আর আগে যেহেতু নরমেস খেয়েছেন আর এখন একমাস যেহেতু ব্রিডিং চলছে আবার রক্তশন্যতাও আছে খুব শীঘ্রই ব্লাড বন্ধ না করলে আরো রক্তক্ষরণ হবে এবং আরও রক্তশন্যতায় ভুগবেন। সেক্ষেত্রে নরমেস একই নিয়মে নরমেস দিনে তিনবার করে খেয়ে ২১ দিন খেয়ে বন্ধ হলে নিকটস্থ গাইনি ডাক্তারের কাছে যাবেন এবং প্রয়োজনীয় যে পরীক্ষাগুলো করা লাগে সেগুলো করে তার পরামর্শ অনুযায়ী চিকিৎসা নেবেন।

এবারে সিলেট থেকে তানজিলা।

মিস তানজিলা : আমার জরায়ুর মুখে সমস্যার জন্য স্বামী স্ত্রীর মিলনে তৃপ্তি পাই না। ব্যথার কারণে এখন আমার কী করণীয়?

ডা. আরমানা : জরায়ুর মুখের টেস্ট করেছেন? ভায়া বা লালা নিয়ে?

মিস. তানজিলা : জি না।

ডা. আরমানা : তাহলে সিলেটের যেকোনো একজন গাইনি ডাক্তারের কাছে যেয়ে উনি জরায়ুর মুখও পরীক্ষা করে দিবেন যে কোন সমস্যা আছে কি না। যদি ইনফেকশন থাকে তাহলে উনি চিকিৎসা দেবেন এবং তার আগে ভায়া টেস্ট আর জরায়ুর মুখ থেকে লালার দিয়ে পরীক্ষা করে। সেটাতে দেখা যে কোনো ইনফেকশন বা অন্য কোন সমস্যা আছে কি না। সমস্যা থাকলে ওই মত চিকিৎসা নেবেন। আর জরায়ুর মুখের পরীক্ষা করিয়ে যদি রিপোর্ট ভালো থাকে তাহলে জরায়ু মুখের ক্যান্সারের যে টিকা আছে সেগুলো নিয়ে নিতে পারেন।

এবারে লামিয়া আক্তার বরিশাল থেকে।

মিস. লামিয়া : আমার পেটের ডান পাশ থেকে হালকা ব্যথা করে। এজন্য ডাক্তার দেখাইছি। ডাক্তার টেস্ট দিয়েছে। রিপোর্ট দেখে ডাক্তার বলেছে বাচ্চার হাটবিট আসে নাই। এখন আমি কি করবো?

ডা. আরমানা : কবে শেষ পিরিয়ড হয়েছে?

মিস. লামিয়া : আগস্ট ৪ তারিখ। আলড্রাসনোগ্রাফি করেছে অক্টোবরের ১ তারিখ।

ডা. আরমানা : ছয় সপ্তাহ থেকে আলড্রাসনোগ্রাফিতে বাচ্চার হাটবিট পাওয়া যায়। আপনার এই মাসের ৪ তারিখে ৮ সপ্তাহ হবে। এক্ষেত্রে যেহেতু হাটবিট আসেনি সেক্ষেত্রে আরো এক সপ্তাহ ওয়েট করে আরেকটা আলড্রাসনোগ্রাফি করিয়ে নিতে পারেন একদম কনফার্ম হওয়ার জন্য। যদি হাটবিট না এসে থাকে তাহলে বাচ্চাটা রাখা যাবে না ওটা ওষুধ খাইয়ে ওটাকে বের করে ফেলতে হবে। (বিবিসি: ২২০০ ঘ. ০৩.১০.২০২২ রুবাইয়া, রনি ও আশরাফ)

ভয়েস অফ আমেরিকা

পোশাক কারখানাগুলো দিনে ৪ থেকে ১০ ঘণ্টা বিদ্যুৎহীন থাকে : বিজিএমইএ সভাপতি

বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারারস অ্যান্ড এক্সপোর্টারস অ্যাসোসিয়েশনের (বিজিএমইএ) সভাপতি ফারুক হাসান বলেছেন, লোডশেডিংয়ের কারণে বাংলাদেশের পোশাক সরবরাহকারীরা আন্তর্জাতিক পোশাকের খচরা বিক্রোতা এবং ব্র্যান্ডের কাছে পণ্য সরবরাহ করতে সমস্যায় পড়েছেন। তিনি বলেন, পরিস্থিতি এতটাই ভয়াবহ যে, কারখানাগুলো এখন দিনে প্রায় ৪ থেকে ১০ ঘণ্টা বিদ্যুৎবিহীন থাকে।

রবিবার (২ অক্টোবর) রাজধানীর একটি হোটেলে সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) এবং জার্মান সংস্থা জিআইজেডের যৌথ উদ্যোগে আয়োজিত 'ফ্যাক্টরি স্থাপন, লাইসেন্সিং, সার্টিফিকেশন ও রেজিস্ট্রেশন বিষয়ে ওয়েব পোডাল চালু করা' শীষক আলোচনায় ফারুক এসব কথা বলেন।

বিজিএমইএ সভাপতি ফারুক হাসান জানান, গ্যাসের চাপ এতই কম, কারখানাগুলো পূর্ণ ক্ষমতায় চলতে পারে না। ফলে ডিজেল খরচ কমেনি। বরং বেড়েছে। জিআইজেডের প্রজেক্ট ম্যানেজার ডা. মাইকেল ক্রোড অনুষ্ঠানটি উপস্থাপনা করেন। সম্বলনা করেন সিপিডির গবেষণা পরিচালক ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম।

(ভোয়া : ২২০০ ঘ. ০৩.১০.২০২২ আলী আহমেদ ও নারগীস)

অংশগ্রহণমূলক নির্বাচন নিয়ে বিদেশি রাষ্ট্রদূতরা পরামর্শ দিতেই পারেন : তথ্যমন্ত্রী হাছান মাহমুদ

বাংলাদেশে অংশগ্রহণমূলক নির্বাচন নিয়ে বিদেশি রাষ্ট্রদূতরা পরামর্শ দিতেই পারেন বলে উল্লেখ করেছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী ডক্টর হাছান মাহমুদ। তিনি বলেছেন, পরামর্শ যেন কটনৈতিক শালীনতার লঙ্ঘন না করে। এক প্রশ্নের জবাবে তথ্যমন্ত্রী বলেন, বিদেশি রাষ্ট্রদূতরা অংশগ্রহণমূলক নির্বাচন নিয়ে সব দলে সঙ্গে কথা বলতে পারেন। নির্বাচন নিয়ে সংঘাত এড়ানোর জন্য কোনো কোনো দলের সঙ্গে একান্ত কথাও বলতে পারেন। নির্বাচন নিয়ে তারা যা বলছেন, আমরাও তাদের সাথে একমত। আমরা স্বচ্ছ অংশগ্রহণমূলক নির্বাচন চাই। তারা অবশ্যই পরামর্শ দিতে পারবেন, তবে তা যাতে বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ ও কটনৈতিক শালীনতার লঙ্ঘন না হয়।

সোমবার (৩ অক্টোবর) মন্ত্রণালয় সভাকক্ষে প্রেস কাউন্সিলের বার্ষিক প্রতিবেদন গ্রহণ ও সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে হাছান মাহমুদ এ কথা বলেন। বিএনপি সম্পর্কে তথ্যমন্ত্রী বলেন, বিএনপি ২০১৮ সালে সংলাপ করেছিল, তার ফল হিসেবে তারা ৫টি আসন পেয়েছে। বিএনপি একটি সংঘাতময় পরিস্থিতি তৈরি করতে চাচ্ছে। হাছান মাহমুদ বলেন, প্রেস কাউন্সিল প্রতিষ্ঠা হয়েছে পাঠক ও সংবাদ মাধ্যমের মধ্যে ভুল বোঝাবুঝি দূর করতে।

বর্তমানে প্রেস কাউন্সিলের তিরস্কার করা ছাড়া আর কোনো ক্ষমতা নেই। এর ক্ষমতা বাড়তে নতুন আইন প্রণয়ন চেষ্টা চলছে। তিনি বলেন, সাংবাদিকদের ডাটাবেস তৈরি করা হবে। এ ব্যাপারে একটি নীতিমালার খসড়া তৈরি করেছে প্রেস কাউন্সিল। (ভোয়া : ২২০০ ঘ. ০৩.১০.২০২২ আলী আহমেদ ও নারগীস)

বাংলাদেশের কক্সবাজারে আইওএম স্থাপিত ১২টি কমিউনিটি ক্লিনিক উদ্বোধন

স্বাস্থ্যসেবার সুবিধা সম্প্রসারণে বাংলাদেশ সরকার এবং বিশ্বব্যাংকের যৌথ প্রচেষ্টার অংশ হিসেবে আন্তর্জাতিক অভিবাসন সংস্থা (আইওএম) কক্সবাজারে ১০০টি কমিউনিটি ক্লিনিক স্থাপন করছে। এর মধ্যে ১২টি কমিউনিটি ক্লিনিক স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। রবিবার (২ অক্টোবর) কক্সবাজারে নবনির্মিত ১২টি ক্লিনিক উদ্বোধন করেছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী জাহিদ মালেক। এ সময় তিনি বলেন, কোভিড-১৯ মহামারি শুরুর পর থেকে বাংলাদেশ সরকার জাতীয় স্বাস্থ্যসেবা কার্যক্রমকে ব্যাপক হারে বাড়িয়েছে।

স্বাস্থ্যমন্ত্রী বলেন, আমরা এখন স্বাস্থ্যসেবা ব্যাপক প্রতিটি মানুষের দোরগোড়ায় পৌঁছে দিতে উন্নয়ন অংশীদারদের সঙ্গে কাজ করছি। কক্সবাজারে নবনির্মিত কমিউনিটি ক্লিনিকের উদ্বোধন, এই লক্ষ্য অর্জনের জন্য অনেক সরকারি পদক্ষেপের মধ্যে একটি।

জাহিদ মালেক আরও বলেন, দেশের দক্ষিণাঞ্চলে মৌলিক অবকাঠামো এবং পরিষেবাগুলোতে বাংলাদেশ প্রায় ১০ লাখ রোহিঙ্গা শরণার্থীকে আশ্রয় দিয়েছে। জাতীয় পরিষেবাগুলোর গড় বিবেচনায় এ অঞ্চলে পরিষেবা অনেক কম ছিল। বিদ্যমান স্বাস্থ্য সুবিধাগুলোর মধ্যে অনেকগুলো দুই দশক আগে নির্মিত হয়েছিল। বন্যা এবং অন্যান্য প্রাকৃতিক বিপদের কারণে এ অবকাঠামো ক্ষতিগ্রস্ত হয়েছে।

আইওএম পুরনো ক্লিনিকগুলো ভেঙে আরও বড় আকারে, পরিবেশগতভাবে টেকসই ভবন তৈরি করছে এই ভবনগুলোর মধ্যে রয়েছে সৌর-চালিত বিদ্যুৎ, নিরাপদ পানি সরবরাহ এবং উন্নত স্যানিটেশন সুবিধা।

বাংলাদেশে আইওএম চিফ অফ মিশন আবদুসসাত্তার এসময়ে বলেছেন, শরণার্থী এবং স্থানীয় সম্প্রদায়ের বহুমাত্রিক চাহিদা পূরণ এবং তাৎক্ষণিক এবং দীর্ঘমেয়াদি চ্যালেঞ্জ মোকাবিলা করতে হলে মানবিক উন্নয়নে প্রধান ভূমিকা পালনকারীদের মধ্যে শক্তিশালী অংশীদারিত্ব প্রয়োজন। তিনি বলেন, বাংলাদেশ সরকার, বিশ্বব্যাংক এবং আইওএম-এর মধ্যে এই সহযোগিতা হলো একটি নিদর্শন। যাতে প্রতিফলিত হয়েছে কীভাবে মানবিক উন্নয়ন সম্পর্কে দীর্ঘস্থায়ী ফলাফলে রূপান্তর করা যায়।

বাংলাদেশ ও ভূটানের বিশ্বব্যাংকের ভারপ্রাপ্ত কান্ট্রি ডিরেক্টর ড্যান চেন বলেন, আমরা মানবিক সংস্থা, উন্নয়ন সহযোগী এবং বেসরকারি সংস্থার সঙ্গে ঘনিষ্ঠ সমন্বয় করে কাজ করে যাচ্ছি। তিনি বলেন, আইওএমকে মোট ১৫ কোটি ডলার অনুদান সহায়তা দিয়েছে বিশ্বব্যাংক। বিশ্বব্যাংক বাংলাদেশের স্থানীয় সম্প্রদায়ের চাহিদা পূরণ এবং বাস্তবায়ন রোহিঙ্গাদের মিয়ানমারে নিরাপদ, স্বচ্ছ এবং মর্যাদাপূর্ণ স্বদেশে প্রত্যাবর্তন না করা পর্যন্ত তাদের সহায়তা করবে।

আইওএম কক্সবাজার জেলার একমাত্র মাধ্যমিক স্বাস্থ্য সেবা কেন্দ্র সদর হাসপাতাল সজ্জিত করেছে। ২৫০-শয্যার সুবিধাসম্পন্ন বিশেষ হাসপাতালে নবজাতকের যত্ন, জরুরি, নিবিড় পরিচর্যা এবং করোনারি কেয়ার ইউনিটসহ বিশেষায়িত পরিষেবা প্রদান করে। এখানে রয়েছে কোভিড-১৯ চিকিৎসা, বৃক্ক সঞ্চালন এবং এইচআইভি এবং অন্যান্য রোগের জন্য স্বাস্থ্যসেবা পরামর্শ এবং পরীক্ষার সুবিধা।

প্রকল্পের অবশিষ্ট ক্লিনিকগুলোর নির্মাণ এবং জেলা হাসপাতালের সংস্কার কাজ চলমান রয়েছে এবং ২০২৩ সালে শেষ হবে বলে আশা করা হচ্ছে। প্রাক-নির্মাণ পর্যায়ে আইওএম স্বাস্থ্যসেবা পরিষেবাগুলোতে অব্যাহত সুবিধা নিশ্চিত করতে অস্থায়ী কাঠামো তৈরি করে। (ভোয়া : ২২০০ ঘ. ০৩.১০.২০২২ আলী আহমেদ ও নারগীস)

বাংলাদেশে প্রথম ও দ্বিতীয় ডোজ করোনা টিকার ক্যাম্পেইন চলবে ৮ অক্টোবর পর্যন্ত

বাংলাদেশে কোভিড ১৯ সংক্রমণ প্রতিরোধে চলমান প্রথম ও দ্বিতীয় ডোজের বিশেষ টিকা ক্যাম্পেইনের সময়সীমা আগামী ৮ অক্টোবর পর্যন্ত বাড়ানো হয়েছে। সোমবার (৩ অক্টোবর) কোভিড ১৯ ভ্যাকসিনেশন বিশেষ ক্যাম্পেইন বিষয়ক এক ভার্চুয়াল প্রেস ব্রিফিংয়ে এ তথ্য জানিয়েছেন স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক অধ্যাপক ডা. আহমেদুল কবির।

আহমেদুল কবির বলেন, বিশেষ এই টিকা ক্যাম্পেইন সোমবার শেষ হওয়ার কথা থাকলেও সরকারি ছুটি ও লক্ষ্যমাত্রা পূরণ না হওয়ায় আরও তিনদিন এই কমসুচি বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছি। আগামী ৪, ৬, ৮ তারিখ পর্যন্ত বাদ পড়া ব্যক্তির নিধারিত টিকা কেন্দ্রগুলোতে গিয়ে টিকা নিতে পারবেন। গত ছয়দিনে এক কোটিরও বেশি মানুষ প্রথম, দ্বিতীয় ও বুস্টার ডোজ নিয়েছেন। এর মধ্যে প্রথম ডোজ দেয়া হয়েছে ৬ লাখ ২ হাজার ৪৮ জনকে, দ্বিতীয় ডোজ দেয়া হয়েছে ১৫ লাখ ৪ হাজার ৬৩ জনকে। আর বাকিগুলো দেয়া হয়েছে বুস্টার ডোজ হিসেবে, জানান অধ্যাপক ডা. আহমেদুল কবির।

ডা. কবির বলেন, টিকাদানের কারণেই বর্তমানে করোনা আক্রান্ত ও মৃতের সংখ্যা কমে এসেছে। গত কয়েকদিনে সংক্রমণ কিছুটা বাড়লেও হাসপাতালে ভর্তি হার খুবই কম। এসব চিন্তা করেই বাদ পড়াদের টিকার আওতায় আনতে সময় বাড়ানো হয়েছে।

টিকা কমসুচির পরিচালক ডা. শামসুল হক বলেন, গত ছয়দিনে আমরা অভূতপূর্ব সাড়া পেয়েছি। টিকা কেন্দ্রগুলোতে প্রচুর মানুষ টিকা নিতে আসছে। মানুষের মধ্যে স্পৃহা তৈরি হয়েছে। এসব বিবেচনায় আরও তিনদিন এই ক্যাম্পেইন পরিচালিত হবে।

পয়াণ্ড টিকা মজুত আছে কিনা জানতে চাইলে তিনি বলেন, আমাদের কাছে পর্যাপ্ত টিকা মজুত আছে। অধিদফতরের পক্ষ থেকে সংশ্লিষ্টদের কাছে আমরা টিকা পৌঁছে দিয়েছি। প্রয়োজন হলে আরও টিকা পৌঁছে দেয়া হবে।

(ভোয়া : ২২০০ ঘ. ০৩.১০.২০২২ আলী আহমেদ ও নারগীস)

বাংলাদেশে ডেঙ্গুতে একদিনে ৩ জনের মৃত্যু, হাসপাতালে চিকিৎসাধীন ২,১৪৪ জন

বাংলাদেশে এডিস মশাবাহিত ডেঙ্গু রোগে আক্রান্ত হয়ে রবিবার সকাল ৮টা থেকে সোমবার (৩ অক্টোবর) সকাল ৮টা পর্যন্ত ২৪ ঘণ্টায় ৩ জনের মৃত্যু হয়েছে। চলতি বছরে ডেঙ্গুতে মৃত্যু-সংখ্যা ৬১ জনে পৌঁছেছে। এ সময়ে আরও ৫২ জন নতুন রোগী শনাক্ত হয়েছে। নতুন আক্রান্তদের ৩৫২ জন টাকার বিভিন্ন সরকারি-বেসরকারি হাসপাতালে ভর্তি হয়েছেন। বাকি ১৭৩ জন ভর্তি হয়েছেন ঢাকার বাইরের বিভিন্ন হাসপাতালে।

স্বাস্থ্য অধিদফতরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বাংলাদেশের বিভিন্ন হাসপাতালে বর্তমানে ডেঙ্গু আক্রান্ত ২ হাজার ১৪৪ জন রোগী চিকিৎসাধীন রয়েছেন। এর মধ্যে ১ হাজার ৫৯৮ জন ঢাকার মধ্যে এবং ৫৪৬ জন রোগী ঢাকার বাইরের বিভিন্ন হাসপাতালে চিকিৎসা নিচ্ছেন। সরকারি প্রতিবেদন অনুযায়ী, চলতি বছর ১ জানুয়ারি থেকে ৩ অক্টোবর পর্যন্ত ডেঙ্গু আক্রান্ত হয়ে মোট ১৭ হাজার ৮২০ জন হাসপাতালে ভর্তি হয়েছেন। এদের মধ্যে ঢাকায় ভর্তি হয়েছেন ১৩ হাজার ৫১১ জন এবং ঢাকার বাইরে ভর্তি হয়েছেন ৪ হাজার ৩০৯ জন।

অন্যদিকে, চিকিৎসা শেষে ১৫ হাজার ৬১৫ জন হাসপাতাল থেকে ছাড়পত্র নিয়ে বাড়ি ফিরে গেছেন। এদের মধ্যে ১১ হাজার ৮৮৪ জন ঢাকার এবং বাকি ৩ হাজার ৭৩১ জন ঢাকার বাইরের বাসিন্দা। সোমবার তিনজনের মৃত্যুর মধ্যদিয়ে চলতি বছর ডেঙ্গুতে মৃতের সংখ্যা ৬১ জনে পৌঁছেছে। (ভোয়া : ২২০০ ঘ. ০৩.১০.২০২২ আলী আহমেদ ও নারগীস)

বাংলাদেশে সয়াবিন তেলের দাম কমেছে লিটারে ১৪ টাকা, বিক্রি হবে ১৭৮ টাকা

বাংলাদেশে বোতলজাত সয়াবিন তেলের দাম লিটারে ১৪ টাকা কমানো হয়েছে। নতুন দাম হবে প্রতি লিটার ১৭৮ টাকা। সোমবার (৩ অক্টোবর) বাংলাদেশ ভোক্তাবল অয়েল রিফাইনার্স অ্যান্ড বনস্পতি ম্যান্যফ্যাকচারার্স (বিভিওআরভিএমএ) এক বিজ্ঞপ্তিতে এ কথা জানিয়েছে। বিজ্ঞপ্তিতে অনুযায়ী, মঙ্গলবার (৪ অক্টোবর) থেকে নতুন দাম কার্যকর হবে। প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ বিষয়ক উপদেষ্টা সালমান এফ রহমান এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের সিনিয়র সচিব মো. তোফাজ্জেল হোসেন মিয়ার সঙ্গে বৈঠকের পর বিভিওআরভিএমএ সোমবার এ ঘোষণা দিয়েছে।

নতুন ঘোষণা অনুযায়ী, বোতলজাত সয়াবিন তেলের দাম ৭ দশমিক ২৯ শতাংশ কমেছে। মঙ্গলবার থেকে পাঁচ লিটারের বোতল সয়াবিন তেলের দাম ৯৪৫ টাকা থেকে কমে ৮৮০ টাকা হবে। একইভাবে, প্রতিলিটার খোলা সয়াবিন তেলের দাম হবে ১৫৮ টাকা। (ভোয়া : ২২০০ ঘ. ০৩.১০.২০২২ আলী আহমেদ ও নারগীস)

কাল কুবেল পুরস্কার পেলেন নোবেল বিজয়ী অধ্যাপক মুহাম্মদ ইউনুস

কাল কুবেল ফাউন্ডেশন ফর চাইল্ড অ্যান্ড ফ্যামিলি সম্প্রতি নোবেল শান্তি পুরস্কার বিজয়ী অধ্যাপক মুহাম্মদ ইউনুসকে কাল কুবেল পুরস্কারে ভূষিত করেছে। ইউনুস সেন্টার সোমবার (৩ অক্টোবর) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানিয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, ফাউন্ডেশন সারাবিশ্বের পরিবারের প্রতি তার অসাধারণ এবং বহুমুখী প্রতিশ্রুতিকে সম্মানিত করেছে। পরিবারের গণনা কাল কুবেল ফাউন্ডেশনের জয়ন্তী নীতি। এই বছর জার্মানির বৈশিষ্ট্যইমে সংস্থাটি তার ৫০তম বার্ষিকী উদযাপন করেছে। কাল কুবেল ফাউন্ডেশনের বোডের ডেপুটি চেয়ার-ওম্যান ড. কাস্টিন হামবার্গ বলেছেন, ইউনুস তার নারী গ্রাহকদের সন্তান ও পরিবারের জন্য আরও ভাল জীবনযাপন সম্ভব করেছেন।

কাল কুবেল ফাউন্ডেশন, কোভিড-১৯ মহামারি ও বৈশ্বিক উষ্ণতা থেকে নতুন যুদ্ধ পর্যন্ত প্রসারিত বৈশ্বিক সংকটের সময়ে বাংলাদেশের অর্থনীতিবিদকে একটি বড় আশার উৎস হিসেবে প্রশংসা করেন।

ড. কাস্টিন হামবার্গ বলেন, তিনি সত্যিই একজন গেম চেঞ্জার এবং আশার স্রষ্টা। আমরা প্রত্যেকেই আমাদের চার পাশের অন্যদের জীবনকে ইতিবাচক ভাবে প্রভাবিত করতে পারি। ড. কাস্টিন হামবার্গ, সমাজসেবী কাল কুবেল ও মুহাম্মদ ইউনুসের মধ্যে সাদৃশ্য তুলে ধরেন। বলেন, উভয়েই ১৯৮০ এর দশকের প্রথম দিকে উদ্যোক্তা হিসেবে স্বেচ্ছায় মানুষদের নিজেদের সাহায্য করতে সহায়তা করার ব্যাপারে উদ্যোগ নিয়েছিলেন।

উদ্যোক্তা কাল কুবেল ১৯৭২ সালে কাল কুবেল ফাউন্ডেশন ফর চিলড্রেন অ্যান্ড ফ্যামিলি প্রতিষ্ঠা করেন। এই প্রতিষ্ঠান মানুষকে নিজেদের সাহায্য করতে সহায়তা করার নীতি অনুসারে কাজ করে এবং জার্মানি ও বিদেশে সুবিধাবাহিত মানুষকে সাহায্য করে।

কাল কুবেল ফাউন্ডেশন ফর চিলড্রেন অ্যান্ড ফ্যামিলির সদর দফতর দক্ষিণ হেসের বেনশেইমে অবস্থিত। গত ৫০ বছর ধরে বিশ্বব্যাপী এটি শিশু ও তাদের পিতামাকে সহায়তা করেছে।

(ভোয়া : ২২০০ ঘ. ০৩.১০.২০২২ আলী আহমেদ ও নারগীস)

সেকেন্ডারি মার্কেটে ড্রায়ালে যাচ্ছে সরকারি সিকিউরিটিজ: বাংলাদেশ ব্যাংকের গভর্নর

বাংলাদেশ ব্যাংকের গভর্নর আব্দুর রউফ তালুকদার বলেছেন, পূজিবাজারকে প্রাণবন্ত করতে আগামী সপ্তাহ থেকে সেকেন্ডারি মার্কেটে সরকারি সিকিউরিটিজের ড্রায়াল ড্রোইং শুরু হবে। সোমবার (৩ অক্টোবর) বাংলাদেশের রাজধানী ঢাকার আগারগাঁওয়ে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ভবনে সপ্তাহব্যাপী বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ' এর উদ্বোধনী অনুষ্ঠানে কেন্দ্রীয় ব্যাংকের গভর্নর এ কথা বলেন।

গভর্নর আব্দুর রউফ তালুকদার বলেন, দ্রুত বধনশীল অর্থনীতির জন্য বিশাল বিনিয়োগের প্রয়োজন, যা শুধুমাত্র ব্যাংক ঋণ দিয়ে পূরণ করা সম্ভব নয়। প্রবৃদ্ধির জন্য পুঁজি প্রয়োজন। পুঁজি গঠনের জন্য সকল শ্রেণির মানুষকে শেয়ারবাজারে বিনিয়োগ করতে হবে।

বাংলাদেশ ব্যাংকের গভর্নর জনগণকে রুদ্দ মার্কেট এবং শেয়ার মার্কেট, উভয় ক্ষেত্রেই তাদের অর্থ বিনিয়োগ করার আহ্বান জানান। তিনি জানান, সরকার বিনিয়োগকারীদের জন্য নিয়ম ও প্রবিধান সহজ করার জন্য কাজ করেছে। আব্দুর রউফ তালুকদার বলেন, ব্যাংকগুলো স্বল্পমেয়াদি আমানতের বিপরীতে উদ্যোক্তাদের দীর্ঘমেয়াদে ঋণ দিচ্ছে। এ কারণে খেলাপি ঋণ বাড়ছে।

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের (এফআইডি) সচিব শেখ মোহাম্মদ সেলিম উল্লাহ বলেন, সাধারণ শেয়ারহোল্ডারদের বিশ্বাসযোগ্যতা অর্জনের জন্য মন্ত্রণালয় শেয়ার লেনদেনে স্বয়ংক্রিয়তা ও স্বচ্ছতা প্রতিষ্ঠা করতে কেন্দ্রীয় ব্যাংক, এনবিআর ও বিএসইসির সঙ্গে কাজ করছে। বিএসইসি চেয়ারম্যান, অধ্যাপক শিবলী রুবাইয়াত উল ইসলাম অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। (ভোয়া : ২২০০ ঘ. ০৩.১০.২০২২ আলী আহমেদ ও নারগীস)

রোডিও তেহরান

নির্বাচন নিয়ে বিদেশি রাষ্ট্রদূতদের মন্তব্য নিয়ে অস্বস্তি প্রকাশ করেছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী

বাংলাদেশের আগামী জাতীয় সংসদ নির্বাচন নিয়ে বিদেশি রাষ্ট্রদূতদের সাম্প্রতিক মন্তব্য নিয়ে অস্বস্তি প্রকাশ করেছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী ডক্টর হাছান মাহমুদ। রাষ্ট্রদূতদের মন্তব্য যেনো দেশের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ ও কূটনৈতিক

শালীনতার লঙ্ঘনের পর্যায়ে না যায়, সে ব্যাপারেও সতর্ক করেছেন তথ্যমন্ত্রী। সোমবার মন্ত্রণালয় সভাকক্ষে প্রেস কাউন্সিলের বার্ষিক প্রতিবেদন গ্রহণ ও সাংবাদিকদের সাথে মতবিনিময়কালে তিনি এমন মন্তব্য করেন। নিবাচন নিয়ে মার্কিন রাষ্ট্রদূতের সাংস্রতিক বক্তব্য সম্পর্কে জানতে চাইলে তথ্যমন্ত্রী বলেন, বিদেশি রাষ্ট্রদূতরা অংশগ্রহণমূলক নিবাচন নিয়ে সব দলের সাথে কথা বলতে পারেন, নিবাচন নিয়ে সংঘাত এড়ানোর জন্য কোনো কোনো দলের সাথে একান্তে কথাও বলতে পারেন। নিবাচন নিয়ে তারা যা বলছেন আমরাও তাদের সাথে একমত। আমরা স্বচ্ছ অংশগ্রহণমূলক নিবাচন চাই। তারা অবশ্যই পরামর্শ দিতে পারবেন, তবে তা যাতে বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ ও কূটনৈতিক শালীনতার লঙ্ঘন না হয়।

বিএনপি সম্পর্কে মন্ত্রী বলেন, বিএনপি ২০১৮ সালে সংলাপ করেছিল, তার ফল হিসেবে তারা পাঁচটি আসন পেয়েছে। তিনি বলেন, বিএনপি একটি সংঘাতময় পরিস্থিতি তৈরি করতে চাচ্ছে। তারা নিজেদের কর্মীদের উপর ইট-পাটকেল মারছে। তাতে তারা হতাহত হচ্ছে। কিন্তু দোষ চাপাচ্ছে সরকারের উপর। এসব অব্যাহত রাখলে জনগণ তাদের প্রতিহত করবে।

প্রেস কাউন্সিল প্রতিষ্ঠার কথা উল্লেখ করে তথ্যমন্ত্রী বলেন, বঙ্গবন্ধুর হাত ধরে প্রেস কাউন্সিলের জন্ম। পাঠক ও সংবাদ মাধ্যমের মধ্যে ভুল বোঝাবুঝি দূর করতে এটি প্রতিষ্ঠা করা হয়েছিল। বর্তমানে প্রেস কাউন্সিলের তিরস্কার করা ছাড়া আর কোনো ক্ষমতা নেই। তবে ক্ষমতা বাড়তে নতুন আইন প্রণয়ন চেষ্টা চলছে। এ সময় উষ্ণ হাছান মাহমুদ বলেন, সাংবাদিকদের ডাটাবেস তৈরি করা হবে। এ ব্যাপারে একটি নীতিমালার খসড়া তৈরি করেছে প্রেস কাউন্সিল।

বাংলাদেশে গণমাধ্যমের যে স্বাধীনতা, তা অনেক উন্নত দেশেও নেই বলে তিনি মন্তব্য করেন। অন্যান্য প্রেস কাউন্সিলের গত বছরের কার্যক্রম তুলে ধরেন প্রতিষ্ঠানটির চেয়ারম্যান নিজামুল হক। মতবিনিময়ে ডেইলি অবজারভার সম্পাদক ইকবাল সোবহান চৌধুরী, যুগান্তর সম্পাদক সাইফুল আলম ও কবি নূরুল হুদা উপস্থিত ছিলেন। (রেডিও তেহরান ওয়েব পেজ : ২০৩০ ঘ. ০৩.১০.২০২২ সোনিয়া ও নারগীস)

মিয়ানমার সীমান্তে উত্তেজনার কারণে টেকনাফ-সেন্টমার্টিন রুটে পর্যটকবাহী জাহাজ চলাচল বন্ধ
মিয়ানমার-বাংলাদেশ সীমান্তে চলমান উত্তেজনার পরিস্থিতির কারণে টেকনাফ-সেন্টমার্টিন রুটে পর্যটকবাহী জাহাজ বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে সরকার। আজ সোমবার (৩ অক্টোবর) সকালে টেকনাফ উপজেলার ভারপ্রাপ্ত নির্বাহী কর্মকর্তা (ইউনও) এরফানুর হক বিষয়টি নিশ্চিত করেছেন। চলমান পরিস্থিতি বিবেচনা করে টেকনাফ থেকে পর্যটকবাহী জাহাজ চলাচল বন্ধ রাখার সিদ্ধান্ত হয়েছে। সরকার সিদ্ধান্ত নিয়েছে, টেকনাফের পরিবর্তে কক্সবাজার ও চট্টগ্রাম থেকে পর্যটকবাহী জাহাজ সরাসরি সেন্টমার্টিনে যাতায়াত করবে। পরবর্তী নির্দেশনা না আসা পর্যন্ত এ সিদ্ধান্ত বহাল থাকবে।

শনিবার (১ অক্টোবর) বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয়ের সচিব মো. মোকাম্মেল হোসেন বলেন, সেন্টমার্টিনে যে হারে অপারিকল্পিত স্থাপনা নির্মাণ হচ্ছে, তা পর্যটনের বৈমানিক। এ স্থাপনাগুলোর চাপ সেন্টমার্টিন সুস্থি করতে পারছে না। এগুলো বন্ধের জন্য কাজ চলছে। সবকিছু বিবেচনায় রেখে আপাতত টেকনাফ ঘাট থেকে সেন্টমার্টিনের উদ্দেশ্যে ছাড়ে যাওয়া জাহাজ বন্ধ রাখা হয়েছে। কবে নাগাদ টেকনাফ ঘাট থেকে জাহাজ ছাড়বে তা পরে জানানো হবে। সমুদ্র উত্তাল ও ঘণিঝড়ের শঙ্কায় দৃঢ়তা এড়াতে প্রতি বছর এপ্রিল থেকে টেকনাফ-সেন্টমার্টিন-কক্সবাজার রুটে পর্যটকবাহী জাহাজ চলাচল বন্ধ রাখা হয়। সাধারণত বন্ধের এই সময় সেপ্টেম্বরের শেষ সপ্তাহ পর্যন্ত হয়ে থাকে। কিন্তু এবার সীমান্তে উত্তেজনার পরিস্থিতি ও নৌপথের সমস্যার কারণে টেকনাফ-সেন্টমার্টিন রুটে জাহাজ চলাচল না করার সিদ্ধান্ত নিয়েছে দলপুঞ্জের। (রেডিও তেহরান ওয়েব পেজ : ২০৩০ ঘ. ০৩.১০.২০২২ সোনিয়া ও নারগীস)

রাজনৈতিক দলগুলোর সঙ্গে দ্বিতীয় দফা আলোচনা চালিয়ে যাচ্ছে প্রধান বিরোধী দল বিএনপি
বাংলাদেশের ক্ষমতাসীন সরকারের পতন আন্দোলনে একটি নূনতম কমসচি নির্ধারণ নিয়ে রাজনৈতিক দলগুলোর সঙ্গে দ্বিতীয় দফা আলোচনা চালিয়ে যাচ্ছে প্রধান বিরোধী দল বিএনপি। আজ (সোমবার) দুপুরে গুলশানে বিএনপি চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে মোস্তফা জামাল হায়দারের নেতৃত্বাধীন জাতীয় পার্টির সঙ্গে আলোচনা শেষে বিএনপি মহাসচিব মিজা ফখরুল ইসলাম আলমগীর জানান, আমরা একমত হয়েছি, গণআন্দোলন দাবিগুলো নিয়ে সামনের দিকে একাবদ্ধ যুগপৎ আন্দোলন শুরু করব।

মিজা ফখরুল বলেন, রাজনৈতিক দলগুলির সাথে আলোচনার মূল বিষয়গুলো ছিল আন্দোলনের দাবি নির্ধারণ করা। এরমধ্যে আমাদের কমন দাবিগুলো হচ্ছে, খালেদা জিয়ার মুক্তি, রাজনৈতিক বন্দিদের মুক্তি, প্রায় ৩৫ লাখ নেতাকর্মীর বিরুদ্ধে করা রাজনৈতিক মামলাগুলো প্রত্যাহার করতে হবে। একইসঙ্গে সরকারকে পদত্যাগ করে সংসদ ভেঙে নিরপেক্ষ অন্তর্বর্তীকালীন সরকারের কাছে ক্ষমতা হস্তান্তর করতে হবে। সেই সরকার নতুন নিবাচন কমিশন গঠন করবে, তারা নিবাচন করবে, সেখানে জনগণ তাদের প্রতিনিধি নিবাচিত করবে। এগুলো হচ্ছে আমাদের প্রধান বিষয়।

এ সময় জাতীয় পার্টির সভাপতি মোস্তফা জামাল হায়দার বলেন, কী কী দাবিতে মাঠে আন্দোলন করব, সেই বিষয়গুলো নিয়ে আমরা দলের বিস্তারিত আলোচনা হয়েছে। খালেদা জিয়াসহ রাজনৈতিক নেতাদের মুক্তি বিষয়ে আলোচনা হয়েছে। তাদের মুক্তি আমাদের কমসচির অন্যতম প্রধান লক্ষ্য। এছাড়া শ্রমিক, কৃষকের দাবিগুলো নিয়ে আন্দোলন হবে। তবে, মূল যে দাবিতে আন্দোলন হবে তা হচ্ছে এ সরকারের পদত্যাগ এবং নিবাচনের সময় অন্তর্বর্তীকালীন নিরপেক্ষ সরকার গঠন।

আজ সন্ধ্যা ৭টায় রাজধানীর মহাখালী ডিওএইচএসে এলডিপি চেয়ারম্যান কর্নেল (অব.) ড. অলি আহমদের বাসায় সংলাপে বসবেন বিএনপি নেতারা। রোববার দ্বিতীয় দফায় সংলাপের প্রথমদিনে বাংলাদেশ কল্যাণ পার্টি সঙ্গে সংলাপ করেছে বিএনপি। (রেডিও তেহরান ওয়েব পেজ : ২০৩০ ঘ. ০৩.১০.২০২২ সোনিয়া ও নারগীস)

বিএনপি পরিকল্পিতভাবে দেশে সংঘাত সৃষ্টির অপচেষ্টা করছে : তথ্যমন্ত্রী
রাজনৈতিক দলের সাথে বিএনপির সংলাপকে তাৎপর্যহীন বলে উপহাস করে সরকারের তথ্য ও সম্প্রচারমন্ত্রী উষ্ণ হাছান মাহমুদ আজ রাজধানীতে এক অনুষ্ঠানে বলেছেন, বিএনপি পরিকল্পিতভাবে দেশে সংঘাত সৃষ্টির অপচেষ্টা করছে।

এদিকে, বিএনপি ও জাতীয় পার্টিতে সংসদ থেকে পদত্যাগ করে রাজপথে নেমে আসার আহ্বান জানিয়েছেন জাতীয়তাবাদী গণতান্ত্রিক আন্দোলনের (এনডিএম) চেয়ারম্যান বাবু হাজ্জাজ। তিনি বলেন, পদত্যাগ না করলে জনগণকে আপনারা সঙ্গে পাবেন না। শনিবার বিকেলে রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউটে দলের দ্বিতীয় যুব সম্মেলনে এসব কথা বলেন তিনি।

এনডিএম চেয়ারম্যান আরও বলেন, বিএনপি রাজপথে প্রতিনিয়ত সরকার পতনের হুমকি দিলেও সংসদে তাদের এমপিরা এখন পর্যন্ত এই নেশভোটের সংসদকে বৈধতা দিয়ে যাচ্ছে। আমরা অবিলম্বে জাতীয় সংসদ থেকে বিএনপি-জাপার এমপিদের পদত্যাগের আহ্বান জানাচ্ছি।

(রেডিও তেহরান ওয়েব পেজ : ২০৩০ ঘ. ০৩.১০.২০২২ সোনিয়া ও নারগীস)

এনএইচকে
কর্মীদের পুনর্দক্ষকরণ কর্মসূচির জন্য ১ লক্ষ কোটি ইয়েন বরাদ্দের অঙ্গীকার জাপানি প্রধানমন্ত্রীর
নির্দিষ্ট কর্মীদের পুনর্দক্ষকরণ কর্মসূচির জন্য ১ লক্ষ কোটি বা প্রায় ৭০০ কোটি ডলার ব্যয়ের পরিকল্পনা ঘোষণা করেছেন জাপানের প্রধানমন্ত্রী কিশিদা ফুমিও। আজ সোমবার শুরু হওয়া সংসদের একটি অনিয়মিত অধিবেশনে কিশিদা তার নীতি সংক্রান্ত বক্তব্য উপস্থাপন করেন।

সাবেক প্রধানমন্ত্রী আবু শিনযোর জন্য আয়োজিত রাষ্ট্রীয় অন্ত্যেষ্টিক্রিয়া ছিল একটি গুরুগম্ভীর এবং আন্তরিক অনুষ্ঠান- এমন উল্লেখ করে তিনি এও বলেন যে, সরকার জনমতকে গুরুত্ব সহকারে গ্রহণ করবে এবং ভবিষ্যতে এর আলোকে পদক্ষেপ নেবে। তিনি বলেন যে, সরকার অতীতে ইউক্রাইনকে চাচ নামে পরিচিত একটি ধর্মীয় গোষ্ঠী সম্পর্কিত বিষয়গুলির জন্য দায়বদ্ধ থাকবে এবং জনগণের আস্থা ফিরে পাওয়ার জন্য প্রচেষ্টা চালাবে।

উল্লেখ্য, কয়েকজন আইনপ্রণেতার এই গোষ্ঠীর সঙ্গে সম্পর্ক রয়েছে, যাদের বিরুদ্ধে সন্দেহজনক বিপণন কার্যক্রমের অভিযোগ উঠেছে। কিশিদা বলেন যে, আধ্যাত্মিক বিক্রয় নামে পরিচিত বিশেষ ধর্মীয় উপাদান বিক্রি এবং অনুদান গ্রহণ সংক্রান্ত কার্যক্রমের দ্বারা ক্ষতিগ্রস্তদের সহায়তা করার জন্য সরকার ভোক্তা আইন সংশোধন করার কথা বিবেচনা করবে। এছাড়া, পর্যটকরা দুর্বল ইয়েনের সুবিধা নিচ্ছেন বলে সরকার বিদেশি পর্যটকদের বার্ষিক ব্যয়কে প্রায় সাড়ে ৩

হাজার কোটি ডলারে উন্নীত করার লক্ষ্য নির্ধারণ করেছে। কিশিদা ক্রমবর্ধমান দ্রব্যমূল্যের সাথে সামঞ্জস্যপূর্ণ মজুরি বৃদ্ধি অর্জনেরও প্রতিশ্রুতি দিয়েছেন।

এছাড়া, সরকার মসৃণ শ্রম গতিশীলতা অর্জনের লক্ষ্যে আগামী জুনের মধ্যে নিদেশিকা প্রণয়নের পরিকল্পনা করছে।

তারা এর মধ্যে পুনর্দক্ষতা অর্জনকে সমর্থন করার ব্যবস্থার পাশাপাশি জ্যেষ্ঠাভিত্তিক মজুরি ব্যবস্থার পর্যালোচনাও অন্তর্ভুক্ত করবে।

অন্যদিকে, কূটনৈতিক ও জাতীয় নিরাপত্তার ক্ষেত্রে সরকার পাঁচ বছরের মধ্যে মৌলিকভাবে প্রতিরক্ষা সক্ষমতা বৃদ্ধি করে নেয়ার লক্ষ্য নির্ধারণ করেছে। বাজেট প্রণয়ন প্রক্রিয়া চলাকালীন প্রতিরক্ষা সক্ষমতার চূড়ান্ত বিবরণ, বাজেটের আকার এবং কীভাবে ব্যয়ের অর্থায়ন করা হবে, তা নির্ধারণ করে নেয়ার অভিপ্রায় তিনি পুনর্ব্যক্ত করেন।

জাপান এবং চীনের মধ্যকার কূটনৈতিক সম্পর্ক স্বাভাবিকীকরণের ৫০তম বার্ষিকী উদযাপনের প্রেক্ষাপটে কিশিদা বলেন যে, উভয়পক্ষ গঠনমূলক এবং স্থিতিশীল সম্পর্ক গড়ে তোলার চেষ্টা করবে।

এছাড়া, দক্ষিণ কোরিয়ার সাথে ইতিবাচক সম্পর্কে ফিরে যাওয়ার পাশাপাশি এটি আরও উন্নত করে নেয়ার আহ্বান

জানিয়ে প্রধানমন্ত্রী বলেন যে, জাপান দক্ষিণ কোরীয় সরকারের সাথে ঘনিষ্ঠভাবে যোগাযোগ করবে।

(এনএইচকে ওয়েব পেজ : ১৭০০ ঘ. ০৩.১০.২০২২ সোনিয়া ও নারগীস)

ডয়চে ভেলে

এ মাসে ভারি বর্ষণ, ঘণিঝড় : আবহাওয়া অফিস

এ বছর অক্টোবরে এসে স্বাভাবিকের চেয়ে বেশি বৃষ্টিপাতের আভাস দিচ্ছে আরহাওয়া অধিদফতর। সেইসঙ্গে ঘণিঝড়ের শঙ্কার কথাও জানিয়েছে। ভারি বর্ষণে দেশের উত্তর, উত্তর-পূর্ব ও দক্ষিণ-পূর্বের কিছু এলাকায় আকস্মিক বন্যাও হতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অফিস।

অক্টোবরের দীর্ঘমেয়াদি পূর্বাভাস জানিয়ে আবহাওয়া অধিদফতরের পরিচালক মো. আজিজুর রহমান ডয়চে ভেলের কন্সটেন্ট পাতনার বিভিনউজ টোয়েন্টিফোর ডটকমকে বলেন, এ মাসে সামগ্রিকভাবে দেশের স্বাভাবিকের চেয়ে বেশি বৃষ্টিপাত হতে পারে। এছাড়া এই মাসে একটি থেকে দুটি লঘুচাপও হতে পারে, যার একটি রূপ নিতে পারে ঘণিঝড়ের।

এছাড়া ভারি বর্ষণের কারণে দেশের উত্তরাঞ্চল, উত্তর পূর্বাঞ্চল ও দক্ষিণ পূর্বাঞ্চলীয় কিছু স্থানে স্বল্পমেয়াদি আকস্মিক বন্যার শঙ্কার কথাও রয়েছে দীর্ঘমেয়াদি পূর্বাভাসে। এ মাসে দেশের উত্তর ও মধ্যাঞ্চলে দুই থেকে তিনদিন বিজলী

চমকানোসহ মাঝারি ধরনের বজ্রঝড় হতে পারে। আর সারাদেশের বিভিন্ন জায়গায় বজ্রঝড়ের পূর্বাভাস রয়েছে তিন থেকে চারদিন।

আবহাওয়া অধিদফতর জানিয়েছে, প্রকৃতির নিয়ম অনুযায়ী চলতি মাসের দ্বিতীয়ার্ধে দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ুর বিদায় নেয়ার কথা রয়েছে। তাই এ সময় দিনরাতের তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে বেশি থাকতে পারে।

সাধারণত জুলাই ও আগস্ট হলো ভারি বর্ষণের মাস। কিন্তু ওই মাসগুলোতেও তেমন বৃষ্টি না হওয়ায় গরমে হাঁসফাঁস করেছে মানুষ। আবহাওয়া অফিসের তুলনায় কিছুটা বেশি বৃষ্টিপাত হয়েছে। আবহাওয়া অধিদফতরের পরিচালক মো. আজিজুর রহমান বলেন, সেপ্টেম্বরে স্বাভাবিকের চেয়ে ৩.৪% বেশি বৃষ্টিপাত রেকর্ড করেছেন তারা।

(ডয়চে ভেলে ওয়েব পেজ : ১৮০০ ঘ. ০৩.১০.২০২২ সোনিয়া ও নারগীস)

আশঙ্কার মধ্যেই উৎসবের আনন্দ

বাঙালি হিন্দুদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব দুর্গাপূজা। ৫ অক্টোবর বিসর্জনের মধ্যদিয়ে শেষ হবে এবারের দুর্গোৎসব। গত বছরের অপ্রীতিকর ঘটনার প্রেক্ষিতে এবার বেশি কিছু বাড়তি নিরাপত্তা ব্যবস্থা নেয়া হলেও রয়ে গেছে আশঙ্কা।

দেশে এবার ৩২ হাজার ১৬৮টি মণ্ডপে পূজা হচ্ছে। মণ্ডপগুলোতে আইন-শৃঙ্খলা বাহিনীর নিরাপত্তা ছাড়াও ২৪ ঘণ্টা আনসার বাহিনী দায়িত্ব পালন করছে। আছে গোয়েন্দা সদস্যদের নজরদারিও। এছাড়া পূজামণ্ডপে বসানো হয়েছে সিসি ক্যামেরা।

এবারে নিরাপত্তা নিশ্চিত করার জন্য গতবারের তুলনায় আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর তরফ থেকে ভাল উদ্যোগ নেয়া হয়েছে বলেই মনে হচ্ছে। তবে আজ অষ্টমী। এই দিনেই গত বছর সহিংসতার ঘটনা ঘটেছিল। এদিকে গত

সপ্তাহে ডিএমপি কমিশনার বলেছেন, ৫০ জনের সম্মান তারা পাল্শে না। তিনি বলছেন নিরাপত্তা বিঘ্নিত হওয়ার আশঙ্কা রয়েছে। পূজার সার্বিক নিরাপত্তা পরিস্থিতি নিয়ে বলছিলেন হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান একা পরিষদের সাধারণ সম্পাদক রানা দাশগুপ্ত। তার মতে, একদিকে আছে উদ্বেগে আর আশঙ্কা, আরেকদিকে আছে উৎসবের আমেজ। এর মধ্য দিয়েই পূজা

চলছে। রানা দাশগুপ্ত মনে করেন, দেড় পূর্ব বছর পর দেশে গুরুত্বপূর্ণ একটি নির্বাচন আছে বলে সরকারের নানা নজরদারি ও

পদক্ষেপ থাকা সত্ত্বেও অপশক্তি সেটাকে চ্যালেঞ্জ করার চেষ্টা করবে। দেশে অস্থিতিশীল পরিবেশ তৈরি করার জন্য হিন্দু সম্প্রদায়কে টার্গেট করবে বলে তার আশঙ্কা।

এবার অপ্রীতিকর ঘটনার শঙ্কা নিয়ে তিনি বলেন, আমরা গতবছর কি আশঙ্কা করেছিলাম? চক্রান্তকারী যারা তারা ওং পেতে থাকে। গত বছর পূজার সময় কুমিল্লার একটি মন্দিরে পবিত্র কোরআন অবমাননার সাজানো অভিযোগ তুলে

ব্যাপক হামলা চালানো হয়। কুমিল্লায় অনেকগুলো মন্দির ও পূজামণ্ডপ ভাঙচুর করা হয়। হিন্দুদের বাড়িতেও হামলা চালানো হয়। কোরআন অবমাননার কথিত ঘটনার প্রতিক্রিয়ায় চাঁদপুরের হাজীগঞ্জ, চট্টগ্রাম, চাঁপাইনবাবগঞ্জ,

কক্সবাজার, নোয়াখালী ও রংপুরেও হিন্দুদের ঘরবাড়ি ও উপাসনালয়ে হামলার ঘটনা ঘটে। এবার তাই কুমিল্লাতেই ৪৮০০ আনসার সদস্য নিয়োগ করা হয়েছে। এছাড়াও আছে পুলিশ ও স্বেচ্ছাসেবক।

যেকোনো ধরনের অপ্রীতিকর ঘটনা কোনোর জন্য পুলিশকে কঠোর নিদেশনা দেয়া হয়েছে। গত বছরের দুর্বল দিকগুলো চিহ্নিত করে নিরাপত্তা নিশ্চিত করা হয়েছে বলে জানিয়েছে পুলিশের উর্ধ্বতন কর্মকর্তারা। জানতে চাইলে

পুলিশ সদর দফতরের ডিআইজি (অপারেশনস) মো. হায়াদুর আলী খান বলেন, এখন পর্যন্ত সবকিছু ঠিকঠাক আছে, কোথাও থেকে কোনো ধরনের অভিযোগ পাওয়াই যায়নি। নিরাপত্তা ব্যবস্থা যা যা নেয়ার তা নেয়া হয়েছে। মাঠে

নিরাপত্তা ব্যবস্থার পাশাপাশি আমরা কিছু অনলাইন প্ল্যাটফর্মও নজরদারিতে রেখেছি। এছাড়াও গোয়েন্দা তথ্য বিশ্লেষণ করছি। সবাই তদারকি করছে।

তিনি বলেন, নিরাপত্তা ঝুঁকি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। পূজা একটি উৎসব, সবাই এটা পালন করছে। পূজা উদযাপন কমিটি, জনগণ সবাই সহযোগিতা করছেন। আশাকরি শান্তিপূর্ণ ও উৎসবের মধ্য দিয়ে পূজা শেষ হবে।

এবারের দুর্গা পূজার নিরাপত্তায় পূজামণ্ডপের স্বেচ্ছাসেবকদের রাখতামূলকভাবে হাতে আমব্যাণ্ড পরার নিয়ম করা হয়েছে। পাশাপাশি যে-কোনো ধরনের গুজবের ব্যাপারে সতর্ক নজর বিশেষ করে ফেসবুকসহ সামাজিক যোগাযোগ

মাধ্যম মনিটরিং করা হচ্ছে। কোনো ধরনের গুজব কঠোর হাতে দমন করতে, সব সময়ের জন্য পুলিশ সদর দফতর এবং জেলা পর্যায়ে কন্ট্রোল রুম থাকছে এবং থাকছে ভ্রাম্যমাণ আদালত।

এছাড়া এবার সরকার দেশের চারটি ধর্মের সমন্বয়ে সম্ভ্রান্তি পরিষদ নামে তৃণমূল পর্যন্ত মাওলানা, পুরোহিত, ফাদার ও

ভাষ্যদেব সমন্বয়ে কমিটি গঠন করা হয়েছে। এই কমিটিতে রাখা হয়েছে বিভিন্ন পেশাজীবী ও সিভিল সোসাইটির প্রতিনিধিরা। তাদের দায়িত্ব হলো আলাপ-আলোচনার মাধ্যমে নিজ নিজ এলাকায় সম্ভ্রান্তি বজায় রাখার জন্য কাজ করা। (ডয়চে ভেলে ওয়েব পেজ : ১৮০০ ঘ. ০৩.১০.২০২২ সোনিয়া ও নারগীস)

রেডিও এবিসি

ছাত্রলীগ নেতা সুদীপ্ত হত্যায় ২৪ আসামির বিরুদ্ধে অভিযোগ গঠন

চট্টগ্রামে ছাত্রলীগ নেতা সুদীপ্ত বিশ্বাস হত্যা মামলায় ২৪ আসামির বিরুদ্ধে অভিযোগ গঠনের মাধ্যমে বিচার শুরু

আদেশ দিয়েছেন আদালত। আজ সোমবার দ্বিতীয় অতিরিক্ত চট্টগ্রাম মহানগর দায়রা জজ মোহাম্মদ আমিরুল ইসলাম এই আদেশ দেন। মামলায় সাক্ষ্যগ্রহণের জন্য ৩০ অক্টোবর তারিখ ধার্য করেছেন আদালত। সুদীপ্ত চট্টগ্রাম নগর

ছাত্রলীগের সহ-সম্পাদক ছিলেন। ২০১৭ সালের ৬ অক্টোবর তাকে নগরীর নামপাড়া বাসা থেকে ডেকে এনে পিটিয়ে হত্যা করা হয়। (রেডিও এবিসি : ১৫০০ ঘ. ০৩.১০.২০২২ আসাদ ও নারগীস)

চাঁদপুর সদর উপজেলায় কিশোর কিশোরীদের স্বাস্থ্য সেবায় অন্যান্য উদ্যোগ নেয়া হয়েছে

চাঁদপুর সদর উপজেলায় মাধ্যমিক পর্যায়ে ২৫টি স্কুল, মাদ্রাসা ও ৪৪টি কমিউনিটি ক্লিনিকে কিশোরবান্ধব স্বাস্থ্য ও পুষ্টি সেবা কনার স্থাপন করা হয়েছে। সপ্তাহে একাদিন চিকিৎসক ও স্বাস্থ্য সহকারী এসব কনারে যান। তারা কিশোর

কিশোরীদের স্বাস্থ্যগত খোঁজ-খবর নেন। তাদের কৈশোরকালীন স্বাস্থ্যবিষয়ক শিক্ষা দেন। স্বাস্থ্য কর্মকর্তা ডাক্তার সাজেদা বেগমের চাল করা এই কর্মসূচিকে ইনোভেশন হিসেবে স্বীকৃতি দিয়েছে স্বাস্থ্য অধিদফতর। এই উদ্যোগ দেশের অন্যান্য মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে ছড়িয়ে দেয়ার পরিকল্পনা আছে সরকারের।

(রেডিও এবিসি : ১৫০০ ঘ. ০৩.১০.২০২২ আসাদ ও নারগীস)

পঞ্চগড়ের করতোয়া নদীতে উদ্ধার অভিযান অব্যাহত রেখেছে ফায়ার সার্ভিসের সদস্যরা

পঞ্চগড়ের বোদা উপজেলায় করতোয়া নদীতে নৌকাডাঁবের ঘটনায় নিখোঁজ তিনজনের সন্ধানে নবমদিনের মতো উদ্ধার অভিযান চলছে। সোমবার সকাল সাড়ে ৫টা থেকে ফায়ার সার্ভিসের সদস্যরা উদ্ধার অভিযান শুরু করেন। তবে সকাল পৌনে ১০টা পর্যন্ত কোনো লাশের সন্ধান পাওয়া যায়নি। ভয়াবহ এই নৌকাডাঁবতে এখন পর্যন্ত ৬৯জনের লাশ উদ্ধার করা হয়েছে। তবে নিখোঁজ তিন ব্যক্তির সন্ধান না পাওয়া পর্যন্ত উদ্ধার অভিযান চলবে বলে জানিয়েছে জেলা প্রশাসন। (রেডিও এবিসি : ১৫০০ ঘ. ০৩.১০.২০২২ আসাদ ও নারগীস)

অবশেষে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হলেন সেই বেলায়েত

পড়াশোনায় বয়স কোনো বাধা নয় এই সত্যকে নিজের জীবনে বাস্তবায়ন করে দেখালেন ৫৫ বছর বয়সী বেলায়েত শেখ। গতকাল রোববার তিনি রাজধানীর একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগে ভর্তি হয়েছেন। এর আগে চলতি বছর ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় অংশ নেন বেলায়েত। এসব পরীক্ষায় উত্তীর্ণ না হওয়ায় রাজশাহীর বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় অংশ নেন তিনি। সেখানে তিনি উত্তীর্ণ হন। কিন্তু যোগাযোগ ব্যবস্থার অসুবিধার কারণে তিনি সেখানে ভর্তি হননি।

(রেডিও এবিসি : ১৫০০ ঘ. ০৩.১০.২০২২ আসাদ ও নারগীস)

সয়াবিন তেলের দাম লিটারের ১৪ টাকা কমেছে

সয়াবিন তেলের দাম লিটারের ১৪ টাকা কমেছে। এতে এক লিটার বোতলজাত সয়াবিন তেলের দাম দাঁড়াবে ১৭৭ টাকা। বর্তমানে যা বিক্রি হচ্ছে ১৯২ টাকায়। বাংলাদেশ ভোক্তাশ্রমিক অয়েল রিফাইনার্স অ্যান্ড বনস্পতি মেনুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন আজ সোমবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে সয়াবিন তেলের দাম কমানোর কথা জানায়। আগামীকাল মঙ্গলবার থেকে নতুন দরে সয়াবিন তেল বিক্রি হবে।

(রেডিও এবিসি : ১৮০০ ঘ. ০৩.১০.২০২২ প্রতীক ও নারগীস)

করোনাভাইরাসের প্রথম ও দ্বিতীয় ডোজের বিশেষ টিকাদান কর্মসূচির সময় তিনদিন বাড়ানো হয়েছে

করোনাভাইরাসের প্রথম ও দ্বিতীয় ডোজের বিশেষ টিকাদান কর্মসূচির সময় তিনদিন বাড়ানো হয়েছে। ৮ অক্টোবর পর্যন্ত কর্মসূচি চলবে। সোমবার দুপুরে ভাটুল সংবাদ সম্মেলনে এ কথা জানান স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক অধ্যাপক আহমেদুল কবির। (রেডিও এবিসি : ১৮০০ ঘ. ০৩.১০.২০২২ প্রতীক ও নারগীস)

জুলাই-আগস্ট মাসে বাণিজ্য ঘাটতির পরিমাণ দাড়িয়েছে ৪৫৫ কোটি ৫০ লক্ষ মার্কিন ডলার

চলতি ২০২২-২০২৩ অর্থবছরে জুলাই-আগস্ট মাসে বাণিজ্য ঘাটতির পরিমাণ দাড়িয়েছে ৪৫৫ কোটি ৫০ লক্ষ মার্কিন ডলার। আমদানি ব্যয়ের চেয়ে রফতানি আয় কম হওয়ায় অর্থবছরের শুরুতে বড় অংকের এই বাণিজ্য ঘাটতি দেখা দিয়েছে। একই সময় বৈদেশিক লেনদেনের চলতি হিসেবে ভারসাম্যের ঘাটতিও ১৫০ কোটি ডলার ছাড়িয়েছে। বাংলাদেশ ব্যাংকের প্রকাশিত হালনাগাদ প্রতিবেদনে এই তথ্য উঠে এসেছে।

(রেডিও এবিসি : ১৮০০ ঘ. ০৩.১০.২০২২ প্রতীক ও নারগীস)

সরকার হটানোর যুগপৎ আন্দোলন খালেদা জিয়ার নেতৃত্বেই হবে : মির্জা ফখরুল

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, সরকার হটানোর যুগপৎ আন্দোলন খালেদা জিয়ার নেতৃত্বেই হবে। সোমবার দুপুরে গুলশানে বিএনপি চেয়ারপারসনের কাফিলে কাজী জাফরের জাতীয় পাট্টার সঙ্গে সংলাপ শেষে মির্জা ফখরুল এ কথা বলেন। (রেডিও এবিসি : ১৮০০ ঘ. ০৩.১০.২০২২ প্রতীক ও নারগীস)

সড়ক দুর্ঘটনায় গত সেপ্টেম্বর মাসে নিহত হয়েছে ৪৭৬জন, আহত হয়েছে ৭৯৪জন

সড়ক দুর্ঘটনায় গত সেপ্টেম্বর মাসে নিহত হয়েছে ৪৭৬জন, আহত হয়েছে ৭৯৪জন। অর্থাৎ গত মাসে দিনে গড়ে ১৫ দশমিক ৮৬জন নিহত হয়েছে। নিহতের ৩৫ শতাংশের বেশি মোটরসাইকেল দুর্ঘটনার শিকার। এছাড়া নিহত ব্যক্তিদের ৮ শতাংশের বেশি কমদক্ষ মানুষ। সোমবার রোড সেফটি ফাউন্ডেশন সেপ্টেম্বর মাসের দুর্ঘটনার এসব তথ্য জানায়। (রেডিও এবিসি : ১৮০০ ঘ. ০৩.১০.২০২২ প্রতীক ও নারগীস)

দেশের সার্বিক পরিস্থিতি অত্যন্ত নাজুক : জি এম কাদের

দেশের সার্বিক পরিস্থিতি অত্যন্ত নাজুক উল্লেখ করে জাতীয় পাট্টার চেয়ারম্যান জি এম কাদের বলেছেন, সামনে নির্বাচন কিন্তু নিবাচনে সব দল অংশ নেবে কিনা, নিবাচন অবাধ ও সুষ্ঠু হবে কিনা- তা বুঝতে পারছি না। সোমবার দুপুরে রংপুর সাফটি হাউজে সাংবাদিকদের সঙ্গে আলুপকালে তিনি এসব কথা বলেন।

(রেডিও এবিসি : ১৮০০ ঘ. ০৩.১০.২০২২ প্রতীক ও নারগীস)

রেডিও টুডে

সীমান্তে মিয়ানমারের মাইনে প্রাণ গেলো রোহিঙ্গা কিশোরের

মিয়ানমার-বাংলাদেশ সীমান্তের শূন্যরেখায় পুতে রাখা স্থলমাইন বিস্ফোরণে ওমর ফারুক নামের এক রোহিঙ্গা কিশোরের মৃত্যু হয়েছে। সে তুমক শূন্যরেখার রোহিঙ্গা ক্যাম্পের কোনার পাড়ার মোহাম্মদ আইয়ুবের ছেলে। রোববার সকালে বাংলাদেশ মিয়ানমার সীমান্তের পূর্ব পাড়াই এলাকা থেকে রোহিঙ্গাদের সহযোগিতায় লাশটি উদ্ধার করে দাফন করা হয়। এদিকে গত ১৭ সেপ্টেম্বর শূন্যরেখায় রোহিঙ্গা ক্যাম্পে মিয়ানমার থেকে মটারশেল নিক্ষেপে মোঃ ইকবাল নামের এক রোহিঙ্গা নিহত হয়। তার আগের দিন তুমক সীমান্তে মাইন বিস্ফোরণে থাইন চাকমা নামের এক বাংলাদেশি যুবক আহত হয়। এই ঘটনায় আরো ৬জন আহত হন।

(রেডিও টুডে : ০৮৪৫ ঘ. ০৩.১০.২০২২ আসাদ ও নারগীস)

৭ মাসের মধ্যে সেপ্টেম্বরে সবনিম্ন রেমিটেন্স ১.৫৪ বিলিয়ন ডলার

এবার রেমিটেন্স কমে গেল। সদ্য বিদায়ী সেপ্টেম্বরে দেশে এসেছে প্রায় ১.৫৪ বিলিয়ন মার্কিন ডলার। গত সাত মাসের মধ্যে যা সবনিম্ন। রোববার বাংলাদেশ ব্যাংকের হালনাগাদ প্রতিবেদনে এই তথ্য পাওয়া গেছে। এতে দেখা গেছে, গতমাসে বৈধ চ্যানেলে ১৫৩ কোটি ৯৫ লাখ ডলার রেমিটেন্স পাঠিয়েছেন প্রবাসীরা। গত বছরের একই সময়ের চেয়ে যা ১৮ কোটি ৭২ লাখ ডলার বা ১০.৮৪ শতাংশ কম। আর গত আগস্টের তুলনায় কমেছে ২৪.৪ শতাংশ। ওই মাসে রেমিটেন্স আসে ২.০৪ বিলিয়ন ডলার। (রেডিও টুডে : ০৮৪৫ ঘ. ০৩.১০.২০২২ আসাদ ও নারগীস)

বর্ষায়ান সাংবাদিক তোয়াব খানের মরদেহে শ্রদ্ধা জানিয়েছেন সবস্তরের মানুষ

জেন্দায় শহিদ মিনারে দৈনিক বাংলার সম্পাদক ও একুশে পদকপ্রাপ্ত বর্ষায়ান সাংবাদিক তোয়াব খানের মরদেহে শ্রদ্ধা জানিয়েছেন সবস্তরের মানুষ। এর আগে সকাল সাড়ে ১০টার দিকে দৈনিক বাংলাবু কাফিলে তোয়াব খানের প্রথম নামাজে জানাজা অনুষ্ঠিত হয়। এ সময় তার পরিবারের সদস্য নতুন পুরনো সহকর্মীরা ও শুভাকাঙ্ক্ষীরা উপস্থিত ছিলেন। এরপর তার মরদেহ জাতীয় প্রেসক্লাবে রাখা হয়। সেখানে দ্বিতীয় নামাজে জানাজা অনুষ্ঠিত হওয়ার পর মরদেহ নেয়া হবে গুলশানের নিজ বাসভবনে। বাদ আসির গুলশানের আজাদ মসজিদে তৃতীয় নামাজে জানাজা শেষে কিংবদন্তি এই সাংবাদিককে দাফন করা হবে বনানী কবরস্থানে।

(রেডিও টুডে : ১০৪৫ ঘ. ০৩.১০.২০২২ আসাদ ও নারগীস)

এনামুল বাসিরের জামিন আবেদন কাযতালিকা থেকে বাদ দিয়েছেন হাইকোর্ট

ঘাস গ্রহণের মামলায় দুদকের বরখাস্ত হওয়া পরিচালক এনামুল বাসিরের আইনজীবী উপস্থিত না থাকায় তার জামিন আবেদন কাযতালিকা থেকে বাদ দিয়েছেন হাইকোর্ট। সোমবার বিচারপতি মোহাম্মদ আলীর একক বেঞ্চ এই আদেশ দেন। গত ২৩ আগস্ট হাইকোর্টের একটি বেঞ্চ খোন্দকার এনামুল বাসিরকে জামিন দিলেও পরে সেটি প্রত্যাখান করে। চলতি বছরের ২৩ ফেব্রুয়ারি খোন্দকার এনামুল বাসিরকে আট বছর ও পুলিশের বরখাস্ত উপমহাপরিদর্শক মিজানুর রহমানকে তিন বছর কারাদণ্ড দেন ঢাকার বিশেষ জজ আদালত-৪ এর বিচারক শেখ নাজমুল আলম।

(রেডিও টুডে : ১০৪৫ ঘ. ০৩.১০.২০২২ আসাদ ও নারগীস)

শারদীয় দুর্গোৎসবের মহাঅষ্টমী আজ

শারদীয় দুর্গোৎসবের মহাঅষ্টমী আজ। সোমবার মণ্ডপে মণ্ডপে চলছে পূজা-অর্চনা। দেশের বিভিন্ন স্থানে হচ্ছে কুমারী পূজা। শাস্ত্রমতে দেবীকে আসন, বস্ত্র, পুষ্পমাল্য এ ধরনের যোলা উপাদান দিয়ে মহাঅষ্টমীর পূজা-অর্চনা করা হয়। প্রত্যয়ে ত্রিনয়নী দেবীর চক্ষুদান করা হয়। এই দিনে মহিষাসুরকে বধ করে দেবী বিজয় লাভ করেছিলেন। পূজা-অর্চনা শেষে দেবীর কৃপা লাভের আশায় তার চরণে পুষ্পাঞ্জলি দেন ভক্তরা।

(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ০৩.১০.২০২২ আসাদ ও নারগীস)

র‍্যাব আগের চেয়ে অনেক বেশি স্মার্ট হয়েছে : র‍্যাব মহাপরিচালক

র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নের মহাপরিচালক আতিরিক্ত আইজিপি এম খরশিদ হোসেন বলেছেন, জঙ্গিরা যত স্মার্টই হোক না কেনো র‍্যাব আরো স্মার্ট। আমি আশ্বাস দিতে চাই র‍্যাব আগের চেয়ে আরো বেশি স্মার্ট হয়েছে। সবকিছু বিবেচনায় পজামণ্ডপে নিরাপত্তা ব্যবস্থা সাজানো হয়েছে। সোমবার রাজধানীর বনানী পজামণ্ডপের নিরাপত্তা ব্যবস্থা, পরিদর্শনে এসে এক ব্রিফিংকালে এসব কথা বলেন র‍্যাব মহাপরিচালক। সনাতন ধর্মাবলম্বীদের বৃহত্তম ধর্মীয় অনুষ্ঠান শারদীয় দুর্গাপূজা উপলক্ষ্যে সুনির্দিষ্ট কোনো হুমকি রয়েছে কিনা জানতে চাইলে র‍্যাব মহাপরিচালক বলেন, না এখনো পর্যন্ত কোনো ধরনের হুমকি নেই। (রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ০৩.১০.২০২২ আসাদ ও নারগীস)

আজও ঢাকায় হালকা বৃষ্টিপাত অব্যাহত রয়েছে

রোববারের মতো আজও রাজধানীর ঢাকায় হালকা বৃষ্টি অব্যাহত রয়েছে। সোমবার সারাদিন জুড়ে বৃষ্টি অব্যাহত থাকার কথা জানিয়েছে বাংলাদেশ আবহাওয়া অধিদফতর। আজ ঢাকার আকাশ রয়েছে মেঘে ঢাকা। সেইসঙ্গে রয়েছে গুড় গুড়ি বৃষ্টি। গত ২৪ ঘণ্টায় ঢাকায় কয়েক দফা হালকা বৃষ্টি হয়েছে। আবহাওয়া অধিদফতরের তথ্য অনুযায়ী এ সময় ঢাকায় ১৪ মিলিমিটার বৃষ্টি হয়েছে। (রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ০৩.১০.২০২২ আসাদ ও নারগীস)

ভিকারুননিসা স্কুলের নির্বাচন বন্ধে আইনি নোটিশ

ভিকারুননিসা ন্যূন স্কুল অ্যান্ড কলেজের ২০২২ সালের অভিভাবক প্রতিনিধি নির্বাচন অনুষ্ঠানের কার্যক্রম বন্ধে আইনি নোটিশ পাঠানো হয়েছে। পুণ্ড্রম শ্রেণির এক শিক্ষার্থীর একজন অভিভাবককে ভোটার তালিকায় অন্তর্ভুক্ত না করায় তার পক্ষে সপ্রিমকোর্টের আইনজীবী ব্যারিস্টার মোঃ হুমায়ুন কবির সোমবার এই নোটিশ পাঠান। অবিলম্বে অভিভাবক তিনা খরশিদ জাহানকে ভোটার তালিকায় অন্তর্ভুক্ত এবং বিষয়টি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত নির্বাচনী না হওয়া পর্যন্ত নির্বাচনী ও নির্বাচন অনুষ্ঠান বন্ধ রাখার অনুরোধ করে শিক্ষা সচিব, ঢাকা বিভাগীয় কমিশনার, ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, ভিকারুননিসা ন্যূন স্কুল অ্যান্ড কলেজের অ্যাডহক কমিটির চেয়ারম্যান এবং স্কুলের অধ্যক্ষ বরাবরে ডাকযোগে এই নোটিশ দেয়া হয়েছে। (রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ০৩.১০.২০২২ আসাদ ও নারগীস)

গাজীপুরে ট্রেনের সঙ্গে মাইক্রোবাসের সংঘর্ষে দু'জন নিহত

গাজীপুরের কলিগঞ্জে ট্রেনের সঙ্গে মাইক্রোবাসের সংঘর্ষে দু'জন নিহত হয়েছেন। সোমবার বেলা ১২টার দিকে আড়খোলা রেল স্টেশনের অদূরে নলছাটা এলাকায় এই দুর্ঘটনা ঘটে। জানা গেছে, আজ বেলা ১২টার দিকে সড়ক পারাপারের সময় ট্রেনের সঙ্গে মাইক্রোবাসের সংঘর্ষ হয়। এতে মাইক্রোবাসটি দুমড়ে মুচড়ে গিয়ে খাদে পড়ে যায়। ঘটনাস্থলেই মাইক্রোবাসের দুই যাত্রী মারা গেছেন। তবে নিহতদের পরিচয় এখনো শনাক্ত করা যায়নি।

(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ০৩.১০.২০২২ আসাদ ও নারগীস)

ঢাকার উদ্দেশ্যে রওয়ানা হয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসি থেকে দেশে ফেরার পথে লন্ডনের স্ট্যান্ডেস্টেড বিমানবন্দরের দুইঘণ্টার যাত্রাবিরতি শেষে ঢাকার উদ্দেশ্যে রওয়ানা হয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সোমবার স্থানীয় সময় সকাল সাড়ে ৯টায় ঢাকার উদ্দেশ্যে লন্ডন ত্যাগ করেন তিনি। এর আগে সকাল সাড়ে ৭টায় প্রধানমন্ত্রী ও তার সফরসঙ্গীদের ব্রহ্মকারী ফ্লাইটটি সংক্ষিপ্ত যাত্রাবিরতির জন্য স্ট্যান্ডেস্টেড বিমানবন্দরে অবতরণ করে। এ সময় বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে স্বাগত জানান যুক্তরাজ্যে নিয়োজিত বাংলাদেশের হাইকমিশনার সাদিয়া মুন্না তাসনিম। এর আগে স্থানীয় সময় রোববার সন্ধ্যা সাড়ে ৬টায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিজি ১৯১৩ ভিভিআইপি ফ্লাইটে যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন থেকে ঢাকার উদ্দেশ্যে রওয়ানা হন প্রধানমন্ত্রী। সোমবার দিনগত রাত ১টার দিকে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছানোর কথা রয়েছে প্রধানমন্ত্রীর। যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে জাতিসংঘের সাধারণ পরিষদের ৭৭তম অধিবেশনে এবং যুক্তরাজ্যের লন্ডনে রানী দ্বিতীয় এলিজাবেথের অন্ত্যেষ্টিক্রিয়ায় অংশ নিতে গত ১৫ সেপ্টেম্বর সকালে ঢাকা ছেড়েছিলেন প্রধানমন্ত্রী। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ০৩.১০.২০২২ প্রতীক ও নারগীস)

অপশক্তি মাঠে নেমেছে, আপনাদের সতর্ক থাকতে হবে : ওবায়দুল কাদের

অপশক্তি মাঠে নেমেছে, দুর্গাপূজা উপলক্ষ্যে তাই সবাইকে সতর্ক থাকার আহ্বান জানিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। সোমবার বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলে পজামণ্ডপ পরিদর্শনে এসে এ কথা বলেন ওবায়দুল কাদের। তিনি বলেন, দুর্বৃত্তের দল ঘটনা ঘটিয়ে আওয়ামী লীগের ঘাড়ে দোষ চাপায়। কাজেই আপনাদের সতর্ক থাকতে হবে। আমাদের কর্মীরা থাকবে এই অপশক্তির বিনাশ হোক। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ০৩.১০.২০২২ প্রতীক ও নারগীস)

বর্তমান ক্ষমতাসীন আওয়ামী লীগ স্বচ্ছ এবং অংশগ্রহণমূলক একটি নির্বাচন চায় : তথ্যমন্ত্রী

বর্তমান ক্ষমতাসীন আওয়ামী লীগ স্বচ্ছ এবং অংশগ্রহণমূলক একটি নির্বাচন চায় বলে জানিয়েছেন দলটির যুগ্ম সাধারণ সম্পাদক এবং তথ্য ও সম্প্রচারমন্ত্রী ডক্টর হাছান মাহমুদ। সোমবার দুপুরে সাচিবালয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সভাকক্ষে প্রেস কাউন্সিলের বার্ষিক প্রতিবেদন গ্রহণ শেষে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এ কথা উল্লেখ করেন। ডক্টর হাছান মাহমুদ বলেন, নির্বাচন কমিশনের দায়িত্ব হচ্ছে নির্বাচন করা। বিদেশি রাষ্ট্রদূতরা অবশ্যই পরামর্শ দিতে পারেন। কিন্তু সেই পরামর্শ যেন কখনো অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপের মতো না হয়।

(রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ০৩.১০.২০২২ প্রতীক ও নারগীস)

অন্তর্বর্তীকালীন সরকারের কাছে ক্ষমতা হস্তান্তর করতে হবে : মির্জা ফখরুল

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, সরকার পতন আন্দোলনের দফাগুলোর বিষয় নির্ধারণ নিয়ে দ্বিতীয়বারের মতো রাজনৈতিক দলগুলোর সাথে আলোচনা চলছে। সোমবার দুপুরে গুলশানে বিএনপি চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে কাজী জাফর জাতীয় পার্টির সঙ্গে আলোচনা শেষে সাংবাদিকদের এসব কথা বলেন তিনি। মির্জা ফখরুল বলেন, সরকারকে পদত্যাগ করে সংসদ ভেঙে নিরপেক্ষ অন্তর্বর্তীকালীন সরকারের কাছে ক্ষমতা হস্তান্তর করতে হবে। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ০৩.১০.২০২২ প্রতীক ও নারগীস)

বর্তমান সরকার অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়তে বদ্ধপরিকর : কৃষিমন্ত্রী

কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. মোঃ আব্দুর রাজ্জাক বলেছেন, বর্তমান সরকার অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়তে বদ্ধপরিকর। কিন্তু এই অসাম্প্রদায়িক চেতনার বিরুদ্ধে দেশের একটি স্বাথান্বেষী, সুবিধাবাদী ও ধর্মাত্ম গোষ্ঠী খুবই তৎপর রয়েছে। এই অপশক্তির বিরুদ্ধে সকলকে সচেতন থাকার আহ্বান জানান কৃষিমন্ত্রী। সোমবার টাঙ্গাইলের ধনবাড়ি উপজেলার বিভিন্ন পজামণ্ডপ পরিদর্শন ও হিন্দু ধর্মাবলম্বীদের সঙ্গে শারদীয় শুভেচ্ছা বিনিময়কালে মন্ত্রী এসব কথা বলেন। পজামণ্ডপ পরিদর্শন ও হিন্দু ধর্মাবলম্বীদের সঙ্গে তিনি এ সময় শারদীয় শুভেচ্ছা বিনিময় করেন। দুর্গাপূজাকে কেন্দ্র করে কেউ অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি করতে চাইলে তাহলে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও জানান কৃষিমন্ত্রী। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ০৩.১০.২০২২ প্রতীক ও নারগীস)

সরকারের নানা উদ্যোগের কারণে দ্রব্যমূল্যের পাগলা ঘোড়া বাগে এসেছে : পরিকল্পনামন্ত্রী

জ্বালানী তেলের মূল্যবৃদ্ধি হলেও সরকারের নানা উদ্যোগের কারণে দ্রব্যমূল্যের পাগলা ঘোড়া বাগে এসেছে বলে দাবি করেছেন পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান। সোমবার বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, বিআইডিএস সম্মেলন কক্ষে একটি কর্মশালা অনুষ্ঠানে পরিকল্পনামন্ত্রী এই দাবি করেন। মূল্যস্ফীতি প্রসঙ্গে তিনি বলেন, আগস্টে মূল্যস্ফীতি বেড়েছিল। কিন্তু সেপ্টেম্বরে সেটি কমেছে। এর কারণ হচ্ছে ১ কোটি ফ্যামিলি কার্ডের মাধ্যমে ৪ কোটি মানুষ সুবিধা পাচ্ছে। ফলে মূল্যস্ফীতির লাগাম টানা সম্ভব হয়েছে। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ০৩.১০.২০২২ প্রতীক ও নারগীস)

মামুনুল হকের বিরুদ্ধে ধর্ষণ মামলায় দুই পুলিশ কর্মকর্তার সাক্ষ্য

হেফাজতে ইসলামের বিলুপ্ত কমিটির যুগ্ম মহাসচিব মামুনুল হকের বিরুদ্ধে নারায়ণগঞ্জের সোনারগাঁও থানায় দায়ে করা ধর্ষণ মামলায় দুই পুলিশ কর্মকর্তার স্বাক্ষর নেয়া হয়েছে। সোমবার দুপুর পৌনে ১২টা থেকে নারায়ণগঞ্জ নারী ও শিশু নিযাতন দমন ট্রাইব্যুনালের বিচারক নাজমুল হক শ্যামলের আদালতে সপ্তম দফায় সাক্ষ্যগ্রহণ শুরু হয়। সাক্ষ্যদাতারা হলেন- সোনারগাঁও থানার উপ-পরিদর্শক এসআই কোবায়ত হোসেন ও বোরহান দরজি। এ নিয়ে এখন পর্যন্ত ১৫জনের সাক্ষ্যগ্রহণ করা হয়েছে। এই মামলার চার্জশিটে সাক্ষী হিসেবে রয়েছে ৪০জন। ২০২১ সালের ৩ এপ্রিল নারায়ণগঞ্জের সোনারগাঁওয়ে একটি রিসোর্টে এক নারীর সঙ্গে অবস্থান করছিলেন মামুনুল হক। ওই সময় স্থানীয় আওয়ামী লীগের নেতাকমিরা এসে তাকে ঘেরাও করেন এবং প্রবর্তীতে ওই নারী মামুনুল হকের বিরুদ্ধে বিয়ের প্রলোভন, ধর্ষণ মামলা দায়ের করেন। তবে ওই নারীকে তার দ্বিতীয় স্ত্রী দাবি করে আসছিলেন অভিযুক্ত মামুনুল হক। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ০৩.১০.২০২২ প্রতীক ও নারগিস)

দেশে গত ২৪ ঘণ্টায় করোনাভাইরাসে আক্রান্ত হয়ে আরো দু'জনের মৃত্যু

দেশে গত ২৪ ঘণ্টায় করোনা দু'জনের মৃত্যু হয়েছে। ফলে মোট মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২৯ হাজার ৩৭১জনে। এ সময় নতুন করে আরো ৬৯৬জনের করোনা শনাক্ত হয়েছে। এ নিয়ে মোট শনাক্ত রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ২০ লাখ ২৬ হাজার ৯০৮জনে। দুপুরে স্বাস্থ্য অধিদফতরের পাঠানো করোনাবিষয়ক নিয়ামিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ০৩.১০.২০২২ প্রতীক ও নারগিস)

গত ২৪ ঘণ্টায় সারাদেশে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে তিনজনের মৃত্যু

গত ২৪ ঘণ্টায় সারাদেশে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে তিনজন মারা গেছেন। একই সময় নতুন করে ৫২৫জন ডেঙ্গুতে আক্রান্ত হয়ে বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছেন। দুপুরের স্বাস্থ্য অধিদফতরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুমের দেয়া ডেঙ্গুবিষয়ক নিয়ামিত সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে। এবছর মোট ৬১জন ডেঙ্গুতে আক্রান্ত হয়ে মারা গেলেন। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ০৩.১০.২০২২ প্রতীক ও নারগিস)

চিরদিন শায়িত হলেন বর্ষায়ান সাংবাদিক তোয়াব খান

বর্ষায়ান সাংবাদিক তোয়াব খানের দ্বিতীয় জানাজা জাতীয় প্রেসক্লাবে অনুষ্ঠিত হয়েছে। এর মধ্য দিয়ে চিরদিনের জন্য প্রেসক্লাব প্রাঙ্গণ ছাড়লেন তিনি। সোমবার দুপুর ১টায় জাতীয় প্রেসক্লাবের টেনিস গ্রাউন্ডে এই জানাজা অনুষ্ঠিত হয়। এর আগে তার প্রথম জানাজা সকাল ১০টার তেজগাঁওয়ের দৈনিক বাংলায় ক্যাফেতে অনুষ্ঠিত হয়। দুটি জানাজা শেষে রাজধানীর বনানী কবরস্থানে মরহুমকে চিরদিন শায়িত করা হয়েছে। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ০৩.১০.২০২২ প্রতীক ও নারগিস)

দেশের ২০ অঞ্চলে ঝড়ের আভাস

দেশের ২০টি অঞ্চলের উপর দিয়ে দমকা অথবা ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার আশঙ্কা থাকায় সংশ্লিষ্ট নদী বন্দরগুলোকে এক নম্বর সতকতা সঙ্গে দেখাতে বলা হয়েছে। সোমবার এমন পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অফিস। আবহাওয়াবিদ মোহাম্মদ মনোয়ার হোসেন জানিয়েছেন, রাজশাহী, পাবনা, রংপুর, দিনাজপুর, বগুড়া, টাঙ্গাইল, ময়মনসিংহ, যশোর, কুষ্টিয়া, ঢাকা, ফরিদপুর, মাদারীপুর, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘণ্টায় ৪৫ থেকে ৬০ কিলোমিটার বেগে অস্থায়ীভাবে দমকা ঝড়ো হাওয়াসহ বৃষ্টি, বজ্রসহ বৃষ্টি হতে পারে। এসব এলাকার নদীবন্দরসমূহকে ১ নম্বর সতকতা সংকেত দেখাতে বলা হয়েছে। মঙ্গলবার সকাল পর্যন্ত রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়া ও বিজলী চমকানুসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি, বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসঙ্গে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বষণ হতে পারে। সারাদেশের দিনের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে এবং রাতের তাপমাত্রা অপরিবর্তিত থাকতে পারে বলেও আবহাওয়া অফিস থেকে জানানো হয়েছে। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ০৩.১০.২০২২ প্রতীক ও নারগিস)

বিশ্বে মহামারি করোনা গত ২৪ ঘণ্টায় আগের দিনের তুলনায় কমেছে মৃত্যু ও আক্রান্তের সংখ্যা

মহামারি করোনাভাইরাসে বিশ্বে গত ২৪ ঘণ্টায় আগের দিনের তুলনায় কমেছে মৃত্যু ও আক্রান্তের সংখ্যা। গত ২৪ ঘণ্টায় ভাইরাসটিতে আক্রান্ত হয়ে মারা গেছেন ৪৪২জন এবং নতুন করে সংক্রামিত হয়েছেন ২ লাখ ৩৬ হাজার ৯১৯জন। মহামারির শুরু থেকে এ পর্যন্ত ভাইরাসটিতে আক্রান্ত হয়ে রোগীর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৬২ কোটি ৩৪ লাখ ৪৯ হাজার ৪৫৮জনে। আর বিশ্বজুড়ে মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ৬৫ লাখ ৫০ হাজার ৬১৩জনে। বিশ্বে গত ২৪ ঘণ্টায় সবচেয়ে বেশি করোনা শনাক্ত হয়েছে তাইওয়ানে। এর পূর্বের অবস্থানে রয়েছে ফ্রান্স ও যুক্তরাষ্ট্র। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ০৩.১০.২০২২ প্রতীক ও নারগিস)

BBC

BRAZIL'S LULA AND BOLSONARO FACE RUN-OFF AFTER TIGHT RESULT

Brazil's election is going into a second round in which left-winger Luiz Inacio Lula da Silva will face far-right incumbent Jair Bolsonaro. With almost all the votes counted, Lula had won 48% against Bolsonaro's 43% - a much closer result than opinion polls had suggested. But Lula fell short of the more than 50% of valid votes needed to prevent a run-off. Voters now have four weeks to decide which of the two should lead Brazil. Winning outright in the first round was always going to be a tall order for any candidate - the last time it happened was 24 years ago. (BBC : 2200+2300 hrs. 03.10.2022 Faruk & Nargis)

FAN'S DIED IN THE ARMS OF PLAYERS IN STADIUM CRUSH

Football fans died in the arms of players during a crush at Indonesia's Kanjuruhan stadium, the home team coach has said, as the number of children killed in the tragedy rose to 32. Javier Roca said the crush at the match in Java, in which 125 people lost their lives, left him mentally shattered. Authorities say the youngest victim of Saturday's disaster was just three. Some 18 officers are being investigated after police fired tear gas at fans who invaded the pitch when the match ended. Indonesia's deputy minister of children and women affairs said the children were aged between three and 17. (BBC : 2200+2300 hrs. 03.10.2022 Faruk & Nargis)

IRAN SECURITY FORCES CLASH WITH STUDENT PROTESTERS

Iranian security forces clashed with students at a prestigious university in Tehran overnight, as anti-government protests continue to sweep the country. Reports said a large number of students at Sharif University of Technology were trapped in a car park that had been surrounded by security personnel. One video appeared to show students running away as gunshots ring out. The anti-government protests erupted on 17 September, after the death of a woman detained by the morality police. In his first public comments, Supreme Leader Ayatollah Ali Khamenei described Mahsa Amini's death as a bitter incident that deeply broke my heart. (BBC : 2200+2300 hrs. 03.10.2022 Faruk & Nargis)

EX-PM BORISSOV SET TO WIN BULGARIAN ELECTION

Bulgaria's centre-right GERB party has won the country's parliamentary election, preliminary results show. Led by ex-Prime Minister Boyko Borissov, GERB took 25.4% of votes with 99% of ballots counted, officials said. But the 63-year-old faces a difficult task forming a working coalition, as most other parties have already ruled out working with him. Many of his opponents accuse him of overseeing government corruption during his time in office, which he denies. Mr Borissov has previously served three separate terms in Bulgaria's top job, and tackling graft became a key part of an election last November.

(BBC : 2200+2300 hrs. 03.10.2022 Faruk & Nargis)

DR CONGO CLIMATE MEETING TO MAKE DEMANDS ON RICHER NATIONS

Environment ministers from dozens of countries are due to gather in the Democratic Republic of Congo for talks on tackling climate change. The three-day meeting in Kinshasa is part of preparations for a summit in Egypt - COP 27 - next month. The Kinshasa talks are expected to focus on calls for richer governments to do more to help less developed countries combat global warming. The Congolese hosts are likely to appeal for funding to help protect their country's rainforest, which is the second biggest in the world.

(BBC : 2200+2300 hrs. 03.10.2022 Faruk & Nargis)

REBELS KILL 14 VILLAGERS IN DR CONGO MACHETE ATTACK

Fourteen people have been killed by rebels during an attack on a village in the east of the Democratic Republic of Congo. Local officials said fighters from the Allied Democratic Forces (ADF) entered Kyamata, in Ituri province, late on Sunday where they killed people using machetes. More than 30 houses were torched. The victims were buried in a single grave during a ceremony on Sunday. People there blamed the attack on a lack of soldiers in the area. The ADF is one of dozens of rebel groups in eastern Congo.

(BBC : 2200+2300 hrs. 03.10.2022 Faruk & Nargis)

DOZENS OF BODIES FOUND IN LIBYA MASS GRAVE

Libya's missing person's authority says the unidentified bodies of 42 people have been found in a mass grave in the coastal city of Sirte. The authority made the discovery at the site of a former school. The area was controlled by the Islamic State (IS) group between 2015 and 2016. Another mass grave containing the remains of 34 Ethiopian Christians was discovered near Sirte in 2018. The find came more than three years after IS published a video showing its members executing at least 28 men. (BBC : 2200+2300 hrs. 03.10.2022 Faruk & Nargis)

AL-SHABAB CO-FOUNDER KILLED IN SOMALIA STRIKE

The Somali government has announced that a co-founder and senior al-Shabab militant, Abdullahi Nadir, was killed on Saturday in the southern Middle Jubba region. The Somali information ministry said that Nadir was the head of al-Shabab's religious propagation unit and was the subject of a \$3m US bounty. It added that al-Shabab considered Nadir a potential successor to its current leader, Ahmed Omar Diriye, aka

Abu Ubaidah, who has long been rumoured to be in poor health. Private media reported that Nadir was killed in a drone strike. (BBC : 2200+2300 hrs. 03.10.2022 Faruk & Nargis)

KING CHARLES TO HOST SOUTH AFRICAN PRESIDENT FOR FIRST STATE VISIT

King Charles will host the first state visit of his reign next month when he welcomes the president of South Africa to Buckingham Palace. President Cyril Ramaphosa and his wife, First Lady Tshepo Motsepe, have accepted an invitation to visit the King and Queen Consort. The visit will take place from Tuesday November 22 to Thursday November 24. It is understood the trip was in the early stages of being planned before the Queen's death in September. It will be the first time a South African leader has visited the UK in an official capacity in more than a decade, with the last state visit being in 2010 when Jacob Zuma visited the late Queen. (BBC : 2200+2300 hrs. 03.10.2022 Faruk & Nargis)

RECORD AVIAN FLU OUTBREAK SEES MASS CULL IN UK, EU

Around 48m birds have been culled across the UK and the EU in the last year as a result of the largest outbreak of avian flu on record. In the UK, 161 cases of highly pathogenic avian influenza (HPAI) were detected in poultry and captive birds, leading to the culling of 3.2m birds. That compared to the previous record of 26 cases in 2020/21. The UK government said the culled birds were a small proportion of total production - about 20m birds a week. There have also been 1,727 cases of avian flu in the UK's wild bird population, in 406 locations involving 59 bird species. (BBC : 2200+2300 hrs. 03.10.2022 Faruk & Nargis)

IRAN SUPREME LEADER BLAMES UNREST ON US AND ISRAEL

Iran's supreme leader has blamed the US and Israel for the anti-government protests sweeping the country, in his first public comments on the unrest. Ayatollah Ali Khamenei said riots had been engineered by Iran's arch-enemies and their allies, and alleged that Qurans had been burned. He also called on security forces to be ready to deal with further unrest. The protests - the biggest challenge to his rule for a decade - were sparked by the death in custody of a woman. (BBC : 0600 hrs. 04.10.2022 Faruk & Nargis)

CHECHEN LEADER VOWS TO SEND TEENAGE SONS TO FRONTLINE.

Chechen leader Ramzan Kadyrov says his three sons, aged 14, 15 and 16, will soon travel to the Ukraine front line to fight with Russian forces. Kadyrov is a strong ally of Vladimir Putin, although has recently criticized Russian military leadership. On social media, he wrote that a father should teach his sons how to protect their family, people and fatherland. Russia has signed a UN treaty aimed at preventing children under the age of 18 from taking direct part in hostilities. Using children under the age of 15 to participate in hostilities is considered a war crime by the International Criminal Court. However Russia does not recognize its jurisdiction. (BBC : 0600 hrs. 04.10.2022 Faruk & Nargis)

CAR BOMB ATTACKS LEAVE NINE DEAD IN SOMALIA

Police in Somalia say at least nine people, including senior regional officials, have been killed in car bomb attacks that have been claimed by the Islamist group al-Shabab. The explosions in the city of Beledweyne also injured several people and destroyed buildings. Correspondents say the attack was possibly in retaliation for the killing of a senior al-Shabab member over the weekend. The Somali government says Abdullahi Nadir - who had a \$3m bounty on his head - was killed in a drone strike.

(BBC : 0600 hrs. 04.10.2022 Faruk & Nargis)

OUSTED BURKINA FASO LEADER IN TOGO

The ousted military leader of Burkina Faso has left the country and is now in Togo. Lt Col Paul-Henri Damiba - who had been in power for eight months - formally resigned on Sunday, two days after being toppled by a rival faction. A delegation from the West African regional body Ecowas has arrived in Ouagadougou on Monday to try to help restore calm following the country's second coup this year. Both were triggered by worsening insecurity with frequent jihadist attacks. After seizing power the new military leader, Capt Ibrahim Traore, said Burkina Faso faced an emergency in every sector including defence.

(BBC : 0600 hrs. 04.10.2022 Faruk & Nargis)

UN UPS FLOOD AID APPEAL AS PAKISTAN ENTERS SECOND WAVE OF DEATH

The United Nations has increased its aid appeal for Pakistan, where more than five million people are facing a severe food crisis in the wake of recent catastrophic floods. Nearly 1,700 people, including more than 600 children, lost their lives and a total 33 million people were affected after record-breaking rains began lashing Pakistan in June. Julien Harneis, the UN's humanitarian coordinator for the country, said on Monday that the world body was now seeking \$816m for food-relief efforts, up from its initial appeal for \$160m in August, when heavy rains and floods swept through much of Pakistan.

(BBC : 0600 hrs. 04.10.2022 Faruk & Nargis)

::THE END::

